# STUDENTS ONLINE MAGAZINE
# [Theme: Women Education]

## DEPARTMENT OF EDUCATION

## BASANTI DEVI COLLEGE

## KOLKATA

## Year: 2021



**BASANTI DEVI ( 23rd March,1880—7th May,1974)**

## PRINCIPAL'S NOTE

I am very happy to know that our final Semester Students of Education Honours are going to publish an Online Students Magazine. I wish the publication a great success. I also appreciated the idea of publishing online magazine by the final Semester Students of the Department of Education every year.

I am happy to see all faculty members are encouraging students to think and write.

My best wishes to all our students for a healthy, happy and bright future.

**From the Department of Education**

Department of Education, Basanti Devi College, had a plan of publishing Online Students' Magazine every year by the Education Honours students of Final Semester. This plan could be realised through relentless support and enthusiasm of our Respected Principal, Dr.Indrila Guha. The students of Education Honours Final Semester as well as the Ex-students of the department have participated enthusiastically in this venture and contributed various articles and posters. The Theme of the students' online magazine, 2021 is **Women Education**. This e-magazine has given a vent to their shades of creativity. As they leave their beloved college in pursuit of higher studies or vocations, we wish all our students a bright future and hope they develop into self – empowered individuals

**3 years Education Honours Program started from the year 2004**.

# Alumni of the Department of Education

| Sl.no | Name | Year of Pass out with Education Honours from the college | Qualification | Present Status |
|---|---|---|---|---|
| 1 | Sharmistha Mukherjee | 2007 | MA, B.Ed, M.Phil. | SACT<br>Basanti Devi College |
| 2. | Jyotsna Biswas | 2007 | MA, B.Ed, M.Phil<br>UGC-NET(2017) | Assistant Teacher<br>Chumpalashi H.S. School |
| 3. | Safali Mondal | 2008 | MA, B.Ed | Assistant Teacher<br>Arambagh H.S. School |
| 4. | Pronomi Bhadra | 2008 | MA, B.Ed | SACT<br>Maheshtala College |
| 5. | Nafisa Khatun | 2009 | MA, B.Ed, M.Phil<br>UGC-NET(2012)<br>Pursuing Ph.D. | Assistant Professor<br>Dumdum Motijhil Robindro Mahavidyalaya |
| 6. | Swagata Gupta | 2009 | MA, B.Ed, M.Phil<br>UGC-NET(2017) | Assistant Professor<br>Shyamaprosad Institute of Education & Training(B.Ed. College) |
| 7. | Pradipta Bhadra | 2009 | MA, B.Ed | Assistant Professor<br>Deptt of Education<br>Pailan Group of Institutions |
| 8. | Snahomita Sarkar | 2009 | MA, B.Ed | Assistant Teacher<br>St. Thomas Memorial H.S. School, Budge Budge |
| 9. | Nibedita Sarkar | 2010 | MA, B.Ed. ,M.Ed. | SACT<br>Behala College |
| 10. | Deboshmita Saha | 2010 | MA,B.Ed | SACT<br>Sishubikash College of Education |
| 11. | Debapriya Dey | 2010 | MA, B.Ed. ,M.Ed | Assistant Professor,<br>Vidyasagar Teachers Training Institute, Bishnupur |
| 12 | Sharmistha Bhattacharya | 2011 | MA, B.Ed, M.Phil | SACT<br>Bangabasi College |
| 13. | Samarpita Chowdhury | 2011 | MA, B.Ed | SACT<br>Sishubikash College of Education |
| 14. | Aditi Dey | 2012 | MA, B.Ed | SACT<br>Matiaburuj College |
| 15 | Ipsita Das | 2012 | MA, B.Ed | Lecturer (Contractual)<br>Vidyasagar Bani Bhawan Primary Teachers Training Institute. |
| 16 | Nandita Naskar | 2012 | MA, B.Ed | Indian Railway, Gorbeta |
| 17. | Sreyashi Chakraborty | 2012 | MA, B.Ed | Sr. Officer<br>Information Technology & Educational Consultancy |

| Sl.no | Name | Year of Pass out from the college | Qualification | Present Status |
|---|---|---|---|---|
| 18. | **Poonam Das** | 2014 | MA, B.Ed | Waiting for final Sem Result(M.Ed) |
| 19. | **Sushmita Das** | 2014 | MA, B.Ed, UGC-NET-2018 | Assistant Professor Sundorban Mahavidyalaya |
| 20. | **Trisha Chakraborty** | 2016 | MA,MA(SW) | Part Time Teacher Robindro Balika Vidyapith |
| 21. | **Swapna Das** | 2016 | MA, B.Ed | Part Time Teacher Batanagar Boys' School |
| 22. | **Shreya Paramanya** | 2017 | MA, UGC-NET-JRF(2020) | Pursuing Ph.D. from Jadavpur University |
| 23. | **Moumita Naskar** | 2017 | MA, UGC-NET-JRF(2020) | Applied for Assistant Professorship(wbcsc) |
| 24 | **Taniya Biswas** | 2018 | M.A(C.U) | Waiting for M.A.final Sem Result |
| 25 | **Ankita Sen** | 2018 | M.A(C.U) | Waiting for M.A.final Sem Result |
| 26 | Nilanjana Dutta | 2018 | M.A(C.U) | Waiting for.M.A. final Sem Result |
| 27 | Rittika Das | 2018 | M.A(C.U) | Waiting for M.A. final Sem Result |
| 28 | Moumita Dutta | 2018 | M.A(Fakir Chand College) | Waiting for M.A.final Sem Result |
| 29 | Dipika Mondal | 2018 | M.A(Fakir Chand College) | Waiting for M.A.final Sem Result |
| 30 | Pryanka Ghosh | 2018 | MA (RBU, Distance & Online Education) | Waiting for M.A. final Sem Result |
| 31 | Priyanka Roy | 2018 | MA (RBU, Distance & Online Education) | Waiting for M.A. final Sem Result |
| 32 | **Poulami Biswas** | 2020 | BA(Hons) | Pursuing MA from Jadavpur University |
| 33 | **Labani Halder** | 2020 | BA(Hons) | Pursuing MA from Calcutta University |
| 34 | **Jayasree Mondal** | 2020 | BA(Hons) | Pursuing MA from Calcutta University |

# Final Semester Students of Education Honours 2021



# Department of Education





**Final Semester Students of Education Honours (2021) & the Faculty Members with PROF (Dr) Jayanti Das, HOD, Department of Education, University of Calcutta.**

**CONTENTS**


১.Raja Ram Mohan Roy—
A Great Benefactor of Women. — শ্রেয়সী চক্রবর্তী। প্রাক্তন ছাত্রী

২. নারীশিক্ষা ও বিদ্যাসাগর- — স্বাগতা দাস।, ষষ্ঠ সেমিষ্টার,

৩.নারীশিক্ষা ও রবীন্দ্রনাথ ঠাকুর- — বনানী মন্ডল।, ষষ্ঠ সেমিষ্টার

৪.নারীশিক্ষা ও বিবেকানন্দ- — চৈতালী ঘোষ , ষষ্ঠ সেমিষ্টার

৫.নারীশিক্ষা ও ভগিনী নিবেদিতা- — প্রীতি মন্ডল, ষষ্ঠ সেমিষ্টার

৬.নারীশিক্ষা ও বেগম রোকেয়া- — পিউ প্রামানিক।, ষষ্ঠ সেমিষ্টার

৭.নারীশিক্ষা সম্পর্কে রাধাকৃষ্ণান ও
মুদালিয়র কমিশনের সুপারিশ- — নার্গিস লস্কর, ষষ্ঠ সেমিষ্টার

৮.নারীশিক্ষা সম্পর্কে দূর্গাবাই দেশমুখ কমিটির সুপারিশ- — মেঘা রায়, ষষ্ঠ সেমিষ্টার

৯.নারীশিক্ষা সম্পর্কে কোঠারি কমিশনের সুপারিশ- — শুভেচ্ছা মন্ডল। ,ষষ্ঠ সেমিষ্টার

১০.নারীশিক্ষা সম্পর্কে ভক্তবৎসল কমিটির সুপারিশ- — স্মৃতি মন্ডল , ষষ্ঠ সেমিষ্টার

১১.নারীশিক্ষা সম্পর্কে হংসমেহতা কমিটির সুপারিশ — অনন্যা মৌলিক, ষষ্ঠ সেমিষ্টার

**১২. Education for women in India** — **Megha Roy,6th Sem**

১৩.কর্মক্ষেত্র ও নারীশিক্ষা- — প্রনমী ভদ্র, প্রাক্তন ছাত্রী

১৪.আধুনিক সমাজ ও নারীশিক্ষা- — স্বাগতা দাস, ষষ্ঠ সেমিষ্টার

**১৫. Women Education in India** — **Aditi Dey. Ex Student.**

১৬. নারী প্রতিদ্বন্দ্বী নয় পরিপূরক- — রিমা মন্ডল, দ্বিতীয় সেমিষ্টার।

**Sreyashi Chakroborty**
**Ex-Student, Dept. of Education, BDC**
**Year of Pass out--2012**

# Raja Ram Mohan Roy--A Great Benefactor of Women

Raja Ram Mohan Roy is regarded as the father of the Modern Indian Renaissance due to the remarkable changes he instituted in 18th and 19th century India. During the late 18th century (known as the Dark Age), Bengali society was burdened with several wicked rituals and regulations. Extensive rituals and rigid moral codes were imposed, which were mostly adapted and translated wrongly from ancient cultures. Child marriage, polygamy, and Sati were common practices that harmed women in society. The Sati Pratha was the evilest of these traditions. The ritual involved widows self-immolating at their husband's funeral pyre. Young girls were married to much older men in exchange for a dowry so that these men could gain the karmic rewards of their wives' Sati sacrifice.

Raja Ram Mohan Roy opposed to this cruel and barbaric Sati Pratha and spoke out against it. He presented his ideas to the East India Company's higher –ups. Lord Bentinck, the then Governor- General, sympathized with Roy's feelings and intentions, and the Bengal Sati Regulation Act, 1829 was passed despite much outrage from the orthodox religious community. The act prohibited the art of Sati Daha in Bengal Province and anybody caught doing so would face punishment. Raja Ram Mohan Roy's efforts led to the abolishment of the Sati System in India.

His contributions have helped in the abolition of the purdah system and child marriage. He advocated the abolition of polygamy and wanted women to be educated and given the right to inherit property.. He founded Brahmo Samaj in 1828 in Calcutta as a reformist movement. The Brahma Samaj did great service in removing the popular prejudices against the education of women which was very much prevalent in the Hindu society. As one of the most progressive reformist's movements in India, Brahma Samaj supported women empowerment by advocating against child marriages, polygamy practice of Sati and mistreatment of widows in India.

Raja Ram Mohan was one of the earliest Indians to realize that India`s greatest need was a Synthesis of Eastern and Western cultures. At the same time, he understood that the Indian mind had rusted very considerably on account of its isolation and realized that contact with Western Literature and Science alone could regenerate oriental culture, correct its follies and contribute to it the essential qualities which are lacked. In field of education, Ram Mohan was one of the first thinkers in India to realize the value of Western Science, and thought. He created major opinion in favor of the English education that could generate a sense of unity among the Indian educated youths.

His name will be remembered as a great benefactor of women, not only for helping to end the tradition of Sati but also for speaking out against child marriage and polygamy, as well as for urging equal inheritance rights for women.

# Raja Ram Mohan Roy



SABITRI DEHURI

EDUCATION HONOURS

6TH SEMESTER

স্বাগতা দাস

এডুকেশন অনার্স

ষষ্ঠ সেমিষ্টার

বাসন্তী দেবী কলেজ

# নারীশিক্ষায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান

নারীশিক্ষার বিস্তারে ভারতের যে মণীষীরা নিরলস প্রয়াস চালিয়েছিলেন সমাজসংস্কারক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁদের মধ্যে স্মরণীয়। ইতিমধ্যে কিছু খ্রীষ্টান মিশনারি ও উদার মনস্ক ব্রিটিশদের সহায়তায় নারীশিক্ষার সূচনা হলেও বিদ্যাসাগর ই ছিলেন বাংলার নারীশিক্ষা আন্দোলনের মূল পথিকৃৎ।

নবজাগরণের প্রতিমূর্তি এই সংস্কৃত পন্ডিত উপলব্ধি করেছিলেন একমাত্র শিক্ষার মাধ্যমেই কুসংস্কারাচ্ছন্ন নারীদের মুক্তিলাভ সম্ভব। নারীর উন্নতি ছাড়া দেশের উন্নতি সম্ভব নয়।

ব্রিটিশ সরকারের আইন সচিব ড্রিঙ্কওয়াটার বেথুন ১৮৪৯ খ্রীষ্টাব্দে হিন্দু বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠায় উদ্যোগী হলে বিদ্যাসাগর তাঁকে সাহায্য করেছিলেন। এটি ছিল ভারতের প্রথম বালিকা বিদ্যালয়। তিনি ছিলেন এই বিদ্যালয়ের সম্পাদক। নারীদের মধ্যে শিক্ষা সচেতনতা বৃদ্ধির জন্য তিনি বর্ধমান, হুগলি, মেদিনীপুর জেলায় স্ত্রী শিক্ষা সম্মিলনী গড়ে তোলেন। বিভিন্ন পত্র পত্রিকায় তিনি নারীশিক্ষার সপক্ষে লেখালেখিও শুরু করেন। গ্রামে গ্রামে ঘুরে অভিভাবকদের বুঝিয়ে ছাত্রী সংগ্রহের নিরলস প্রচেষ্টা চালান। ১৮৫৪ খ্রীস্টাব্দে উডের নির্দেশনামায় নারীশিক্ষার ওপর গুরুত্ব আরোপ করা হয়। বাংলার ছোটলাট স্যার ফ্রেডারিক হ্যালিডে কতৃক ঈশ্বরচন্দ্র দক্ষিণবঙ্গের বিদ্যালয় পরিদর্শক নিযুক্ত হন। স্ত্রী শিক্ষায় সরকারের আগ্রহ দেখে তিনি ১৮৫৭ থেকে ১৮৫৮ একবছরের মধ্যে নিজ ব্যয়ে হুগলি, মেদিনীপুর, বর্ধমানে মোট ৩৫টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন। এগুলিতে মোট ১৩০০ ছাত্রী পড়াশোনা করত। কমিটি অব পাবলিক ইন্সট্রাকশনের নতুন ডিরেক্টর গর্ডন ইয়ং নতুন স্কুলগুলিকে অর্থ বরাদ্দ করতে অস্বীকার করলে তিনি পরিদর্শক ও সংস্কৃত কলেজের অধ্যাপক পদ থেকে ইস্তফা দেন। তবে ধারাবাহিক প্রচেষ্টা চালিয়ে বিদ্যালয় গুলিতে অর্থ বরাদ্দ করতে থাকেন। কলকাতায় নিজ উদ্যোগে ও খরচে "মেট্রোপলিটন ইন্সটিটিউশন" প্রতিষ্ঠা করেন। যেটি বর্তমানে বিদ্যাসাগর কলেজ নামে পরিচিত। মাতা ভগবতী দেবীর স্মৃতি র উদ্দেশ্য ১৮৯০ খ্রীষ্টাব্দে নিজ জন্মভূমি বীরসিংহ গ্রামে ভগবতী বিদ্যালয় স্থাপন করেন।

স্বামী বিবেকানন্দ বলেছিলেন রামকৃষ্ণের পর আমি বিদ্যাসাগর কে অনুসরণ করি। নারীশিক্ষায় বিদ্যাসাগরের অবদান ছিল অসামান্য। স্বয়ং রবীন্দ্রনাথ বলেছেন বিধাতা বিদ্যাসাগরের ওপর বঙ্গদেশ কে মানুষ করিবার ভার দিয়েছেন। তিনি ছিলেন বাংলার নবজাগরণ প্রক্রিয়ার এক উজ্জ্বল পথিকৃৎ।।




Sabitri Dehuri
Education honours
6th Semester

**নাম- বনানী মন্ডল**

**এডুকেশন অনার্স**

**ষষ্ঠ সেমিষ্টার**

**বাসন্তী দেবী কলেজ**

# নারীশিক্ষা ও রবীন্দ্রনাথ


রবীন্দ্রনাথ ঠাকুর ভারতের যুগ তপস্যার ফল। এশিয়ার প্রথম নোবেল পদক বিজয়ী। বাংলা 25 শে বৈশাখ 1268 কলকাতায় ঠাকুরবাড়িতে জন্ম। পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মসমাজ নেতৃস্থানীয় ব্যক্তি সামাজিক ও ধর্মীয় ব্রহ্মসমাজ সংস্কারক ছিলেন। তাই রবীন্দ্রনাথের জোড়াসাঁকোর বাড়িতে প্রাচ্য ও পাশ্চাত্য সংমিশ্রণে বহুমুখী সাংস্কৃতিক
পরিবেশ গড়ে ওঠে। রবীন্দ্রনাথের রচনা দীর্ঘদিন থেকে চলে আসার নারীদের শিক্ষা ও অবস্থা সম্পর্কে বিভিন্ন সামাজিক প্রথা গুলিকে প্রভাবিত করেছে ও সেগুলি পরিবর্তন ত্বরান্বিত করেছে। তৎকালীন বাঙালি শিক্ষিত ও সুধীর সমাজের মুখপাত্র সবুজপত্র (যেটির সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্ক ছিল) ও নিয়মিত তার রচনায় প্রকাশিত হতো।

নারী শিক্ষায় রবীন্দ্রনাথের অবদান –

সমাজ সংস্কারক রবীন্দ্রনাথের চিন্তা ভাবনার ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার তার রচিত অসংখ্য ছোটগল্প ও উপন্যাস তিনি নারীর উদ্ধৃত করে তাদের প্রতিবাদ ও মুক্তির পথ সন্ধান করেছেন। 1877-1880 খ্রিস্টাব্দের শিক্ষা উপলক্ষে লন্ডনে বসবাস কারার সময় রবীন্দ্রনাথ সেখানে মহিলাদের স্বাধীনতা দেখে স্বদেশীয় বাঙালি নারীদের অবস্থা তুলনা করতে পেরেছিলেন। 1913 খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার ঘোষিত হওয়ার পর বক্তৃতার জন্য আমন্ত্রণের পাশ্চাত্য বিভিন্ন দেশ ভ্রমণ করলে নারীদের শিক্ষা ও স্বাধীনতার প্রকৃত চিত্র তার কাছে পরিস্ফুট হয়েছিল। প্রিন্স দ্বারকানাথ ঠাকুর আমল থেকেই ঠাকুর পরিবারের ছিলো পাশ্চাত্য শিক্ষা। ফলে এই পরিবারের নারীরা সবাই ছিলেন পাশ্চাত্য শিক্ষিত ।রবীন্দ্রনাথের রচনা দীর্ঘদিন থেকে চলে আসা নারীদের শিক্ষা ও অবস্থান সম্পর্কে বিভিন্ন সামাজিক প্রথা গুলিকে প্রভাবিত করেছে এবং সেগুলির পরিবর্তন ত্বরান্বিত করেছে তার ছোট গল্প গুলির মধ্যে "হৈমন্তী","স্ত্রীর পত্র" প্রমূখ। তৎকালীন হিন্দু পরিবার গুলিতে নারীদের দুর্দশার চিত্র হিন্দু নারীদের প্রতি মনোভাব প্রকাশ করেছিলেন তারপর পরবর্তীকালের রচনাগুলিতে তাকে নায়িকারা অনেক বেশি সাহসী দেখিয়েছিলেন। তাঁর বলিষ্ঠ লেখনীর প্রভাবে সমাজ নারীদের ওপর নির্যাতন বৈষম্য ও শ্বসন সম্পর্কে সচেতন হয়ে সেগুলো দূর করার জন্য আন্দোলন গড়ে তুলতে উৎসাহী হন। তার প্রথমদিকে রচনা ছোট গল্পের মধ্যে তিনি প্রথম অমনোযোগী স্বামীর প্রতি স্ত্রীর প্রতিবাদী কথা প্রকাশ করেছিলেন,ওর স্বামীর আচরণের প্রতিশোধ নিয়েছিলেন। রবীন্দ্রনাথ তাঁর শান্তিনিকেতন আশ্রম বিদ্যালয় ছেলেমেয়েদের শিক্ষালাভের সমান সুযোগ দেয়। তাই নিঃসন্দেহে

বলা যায় যে রবীন্দ্রনাথ ছিলেন নারী মুক্তি আন্দোলনের অগ্রদূত এবং নারী মুক্তি আন্দোলনের অগ্রদূত হিসেবে স্বীকৃতি দিয়েছেন।

গতানুগতিক ধ্যান-ধারণায় সিক্ত সমাজের বিপক্ষে বাংলা নব অশিক্ষিত যুব সম্প্রদায়কে অশিক্ষার বিরুদ্ধে নারী শিক্ষা ও মুক্তির আন্দোলনে অনুপ্রাণিত করেছিল। চিরাচরিত যৌথ পরিবারের পুরুষ প্রাধান্যের বিরুদ্ধে সরব হওয়া এই চরিত্রগুলি পরবর্তীকালে নারীবাদী আন্দোলনকারী ও লেখকদের প্রেরণা যুগিয়েছিল তার লেখাগুলিতে নীরবে সবকিছু সহ্য করা নারী প্রতিবাদে সরব হয়েছিল, এমনকি স্বামী স্ত্রীর সম্পর্ক ও স্ত্রীর অধিকার নিয়ে প্রশ্ন তুলেছে।



SHUBHECHCHHA MONDAL

EDUCATION HONOURS

6TH SEMESTER


নাম:স্মৃতি মন্ডল

৬ষ্ঠ সেমিস্টার, এডুকেশন অনার্স

বাসন্তী দেবী কলেজ

# বিশ্বকবি

বিশ্বকবি হৃদয় আমার
বিশ্বকবি তুমি,
তোমরা চরণ পেলে আমি
হই জীবনে সুখী।
তোমার মাটিতে পা রাখলাম
এই জনমে আমি
তোমার মতো একটি মানুষ
হই যেন এক কবি,
ঘরে ঘরে যেন তুমি জন্মাও —
আমি দেখি দেখি
তুমি যেন স্মরণীয় থাকো
অন্ধেরও সঙ্গী।।
তোমার গান, তোমার কবিতা,
তোমার নাট্যকার
স্মরণীয় হয়ে থাকে যেন,
এই জগৎকার
তোমার গানে তোমাকে পাই
ভুলতে নাহি পারি
তোমার কবিতা অটুট থাকুক
জানতে সবাই পারি।
যেদিন থেকে গান লিখলে
পিয়জনদের ছেড়ে,
স্মরণীয় থাক তোমারই গান
এই সাগরের তীরে।।
বিদেশে তোমার খ্যাতি আজ
দেশে দেশে কী কম?
তারই সুনাম রয়ে যাক
যুগে যুগে নয় কম,
তোমার মতো একটি মানুষ
জন্মায় যেন পৃথিবীতে
তারই হাত ধরে চলুক এই
পৃথিবীর লেখনীতে।
তাই বলি আমরা সবাই
উচ্চস্বরে বলি,
তোমার মতো একটি মানুষ
হই যেন এক কবি।।



# বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

চৈতালী ঘোষ

এডুকেশন অনার্স

6th semester

বাসন্তীদেবী কলেজ

# নারীশিক্ষা ও বিবেকানন্দ



ভারতের তথা এশিয়ার সর্বশ্রেষ্ঠ আধ্যাত্মিক দূত নরেন্দ্রনাথ 1863 খ্রিস্টাব্দে কলকাতার এক মধ্যবিত্ত পরিবারে জন্ম। তাঁর কাছে শিক্ষার তাৎপর্য 'মানুষ গড়া' । বিবেকানন্দ বিশ্বাস করতেন যে, পুরুষদের মতো নারীদেরও শিক্ষাক্ষেত্রে সমান সুযোগ থাকা প্রয়োজন, কারণ জ্ঞানপিপাসা উভয়েরই সমান।

তিনি বলেছেন, "মেয়ে-পুরুষে বাহ্য ভেদ থাকলেও স্বরূপগত কোনো ভেদ নেই। এই জন্য পুরুষ যদি ব্রহ্মজ্ঞ হতে পারে। মেয়েরা তা হতে পারে না কেন?"" আমেরিকা, ইংল্যান্ড এবং জাপানের মতো প্রগতিশীল দেশের উন্নতিতে স্বামীজি নারীর সবিশেষ ভূমিকা লক্ষ করেছিলেন। সেই তুলনায় তাঁর স্বদেশের নারীদের দুর্দশার প্রধান কারণ হিসেবে তিনি চিহ্নিত করেছিলেন অশিক্ষাকে |

তিনি বলেছিলেন- যে দেশ নারীকে শ্রদ্ধা করে না সেই দেশ বা জাতি কখনও বড়ো হতে পারে না। তাঁর ভাষায়- "There is

no hope of rise for that family or country where there is no education of woman, where they live in sadness. For this reason, they have no be raised first." বিবেকানন্দ নারীশিক্ষাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছিলেন | তিনি মনে করতেন মেয়েরা শিক্ষিত না হলে একটি জাতি সুগঠিত হতে পারে না। তাঁর কথায়- "It is in the hands of education and pious mother that great men are born."

নারীশিক্ষায় বিবেকানন্দ দুটি আদর্শ উপস্থাপন করেন- প্রথমটি হল, নারীর আজীবন ব্রহ্মচর্য পালনের আদর্শ | নারী ইচ্ছা করলে আজীবন ব্রহ্মচর্য অবলম্বন করে অধ্যয়ন, অধ্যপনা ও অন্যান্য সেবামূলক ব্রতপালনে নিজেদের জীবন উৎসর্গ করতে পারেন অথবা দ্বিতীয় ক্ষেত্রে তিনি গার্হস্থ্য জীবনযাপন, সন্তানপালনে নিযুক্ত থাকতে পারেন |

তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে উচ্চশিক্ষিতা বিদেশিনী মিস মার্গারেট নোবেল সবকিছু পরিত্যাগ করে ব্রহ্মচর্য অবলম্বন করে - ভগিনী নিবেদিতা' নামে নিজেকে এদেশের নারীশিক্ষা প্রবর্তন ও নারীশিক্ষা আন্দোলনকে ত্বরান্বিত করার সেবাব্রতে নিয়োগ করেন| তিনি বিশ্বাস করতেন যে শিক্ষিত ও সচেতন মায়েরাই তাঁদের সন্তানদের সুশিক্ষিত করে তুলতে পারেন | আর সুশিক্ষিত সন্তানেরাই পারে দেশের মুখ উজ্জ্বল করতে |

তাঁর শিক্ষা পরিকল্পনায় নারীশিক্ষার পাঠ্যসূচিতে ভাষা, সাহিত্য, গণিত, ধর্ম, শিক্ষা, শিল্প, বিজ্ঞান, গার্হস্থবিজ্ঞান, রান্না, সেলাই ও স্বাস্থ্য প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত করেছিলেন। এইসব বিষয়ের চর্চা দ্বারা তাঁর সংযত, স্বনির্ভর ও আত্মপ্রত্যয়ী হবেন।

স্বামীজির মতে, যে সমাজে নারীরা অবহেলিত, সে সমাজ এগিয়ে যেতে পারে না। কারণ এক ডানার উপর নির্ভর করে কোনো পাখি উড়তে পারে না। স্ত্রী-পুরুষ উভয়ে শিক্ষিত হলে উভয়ে জাতি গঠনে হাতে হাত মিলিয়ে এগিয়ে যেতে পারবেন। কোনো এক অংশের শিক্ষাহীনতা অপর অংশকে বিরূপভাবে প্রভাবিত করবেই।

প্রাচীন ভারতীয় নারী- সীতা, সাবিত্রী, খনা, লীলাবতী, গার্গী, মৈত্রেয়ী, বীরঙ্গনা অহল্যাবাই, ঝাঁসির রানি লক্ষীবাই- এঁরা ছিলেন তাঁর কাছে আদর্শ ভারতীয় নারী। তিনি নারীকে 'শক্তি'র জীবন্ত প্রতিমূর্তি হিসেবে বিবেচনা করতেন। নারী বিশেষত ভারতীয় নারীর উন্নয়নের স্বার্থে তাঁর অবদান অবিস্মরণীয়।

তাঁর মতে ভারতবর্ষে দুটি অশুভ শক্তি এর অগ্রগতির পথ রুদ্ধ করছে- এটি হল 'নারীদের অবদলিত করে রাখা ও অপরটি 'জাতিগত বিধিনিষেধের বেড়াজালে দরিদ্র ভারতবাসীকে পিষে মারা। তিনি বলেছিলেন, "যদিও আমরা নারীকে শক্তিরূপিণী আখ্যা দিই, তবুও তাঁদের প্রতি আমরা অসম্মান ও অমর্যাদাজনক আচরণ করতে দ্বিধান্বিত হই না। সেই কারণেই, জনসম্পদ ও প্রাকৃতিক সম্পদে ধনী হয়েও আমরা অনুন্নত, আমরা দারিদ্র, আমরা অন্যের কাছ থেকে দাস-সুলভ আচরণ পাই। নারীর প্রতি যথার্থ সম্মান ও মর্যাদা আমরা তখনই প্রদর্শন করতে পারব যখন তাঁদের জন্য শিক্ষা ও সক্ষমতা বিকাশের ব্যবস্থা করতে পারব। "

সবশেষে বলা যায় যে, শিক্ষা আনে সচেতনতা, আর সচেতনতা জন্ম দেয় স্বাধীন মনোভাবের- যা সুনাগরিকের প্রধান বৈশিষ্ট্য। ভবিষ্যত প্রজন্ম মায়ের হাত ধরে সুশিক্ষিত হয়ে উঠলে তবেই সমাজের উন্নতি সম্ভব।

নাম- প্রীতি মন্ডল
ষষ্ঠ সেমিষ্টার
এডুকেশন অনার্স
বাসন্তী দেবী কলেজ

# নারীশিক্ষায় সিস্টার নিবেদিতার অবদান

আধুনিক যুগের প্রথম পর্বে ভারত যখন চোখ মেলে তাকাচ্ছেন তখন তেমনই এক মহীয়সী মহিলা সিস্টার নিবেদিতা সুদুর আয়ারল্যান্ড থেকে এসে হাত ধরেছিল ভারতীয় সমাজের। তিনি হলেন একাধারে নিবেদিত প্রাণ সমাজকর্মী, লেখিকা, শিক্ষীকা,এবং বিবেকানন্দের সুযোগ্য শিষ্যা। ভগিনী নিবেদিতা জন্মগতভাবে ছিলেন একজন অ্যাংলো আইরিশ বংশোদ্ভূত। তঁার জন্ম হয় ১৮৬৭ খ্রীষ্টাব্দের ২৮শে অক্টোবর উত্তর আয়ারল্যান্ডের ডানগ্যানন শহরে। জন্মগতভাবে তার নাম ছিল মার্গারেট এলিজাবেথ নোবেল। পিতার নাম ছিল স্যামুয়েল রিচমন্ড এবং মাতার নাম ছিল মেরি ইসাবেলা। সমাজে নারীশিক্ষা প্রসারের জন্য তিনি বিশেষ ভূমিকা পালন করেছিলেন।

স্বামী বিবেকানন্দের পরিকল্পনা অনুসারে স্ত্রী শিক্ষা প্রসারের জন্য ১৮৯৯ খ্রীষ্টাব্দের ১৩ ই নভেম্বর পূজার দিন সারদা মায়ের আশীর্বাদ নিয়ে১৬ই নভেম্বর বোসপাড়া লেনে বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। বর্তমানে এটির নাম"রামকৃষ্ণ সারদা মিশন সিস্টার নিবেদিতা বিদ্যালয় নামে পরিচিত।

বিবেকানন্দের কাছে আদেশ পেয়ে নিবেদিতা কলকাতা র বাগবাজার এলাকায় মেয়েদের জন্য একটি বিদ্যালয় স্থাপন করেন। বাড়ি বাড়ি ঘুরে মেয়েদের সংগ্রহ করতেন তাঁদের মধ্যে শিক্ষা র আলো ছড়িয়ে দেবার মহৎ উদ্দেশ্য। শুধু পুঁথি গত শিক্ষা নয় রান্না, ঘরের কাজ, গান ইত্যাদি ও শিক্ষা দেওয়া হত।

অন্তঃপুরের নারীদের সাথে নিবেদিতার যোগাযোগ ও সৌহার্দ্য স্থাপিত হয়। সিস্টার ক্রিস্টিন আসার পর অন্তঃপুরে বয়স্ক মহিলাদের জন্য "পুরস্ত্রী বিভাগ" টি সামান্য ভাবে চালু করা হয়। প্রকৃতপক্ষে ১৯০৪ সালে জগদ্ধাত্রী পূজার দিন বিকালে একটি বিদ্যালয় রূপে এই পুরস্ত্রী বিভাগের শুরু।

নিবেদিতা তার অজস্র কাজের মধ্যে বিদ্যালয় পরিচালনার ভার গ্রহণ করতেন। অসাধারণ বিদূষি হয়েও ছোটো মেয়েদের শিক্ষা দিতেন চরম ধৈর্য সহকারে।

ভারতীয় মেয়েদের শিক্ষা র জন্য তিনি গভীরভাবে চিন্তা করেছিলেন। তিনি ছিলেন আদর্শ শিক্ষয়িত্রী। তিনি বুঝেছিলেন বিদেশী শিক্ষা র অনুকরন দ্বারা শিক্ষায় যথার্থ ফললাভ আসবে।

জাতীয় আদর্শের প্রতি লক্ষ্য রেখে বর্তমান পরিস্থিতি র উপযোগী শিক্ষা আবশ্যক।তার মতে ভারতীয় নারীদের জন্য এমন একটি শিক্ষা ব্যবস্থা প্রয়োজন যার লক্ষ্য হবে মানসিক ও আধ্যাত্মিক বৃত্তিগুলির পরস্পরের বিকাশসাধন।

নিবেদিতা পাড়ায় পাড়ায় ঘুরে অভিভাবক দের কাছে করজোড়ে প্রার্থনা করে মেয়ে সংগ্রহ করতেন হাজার ব্যাস্ততার মাঝে আদর্শ শিক্ষয়িত্রী র ভূমিকা পালন করতেন। কিন্তু তবুও তিনি সেভাবে সফলতা পেতেন না কারণ সে যুগে বাল্যবিবাহ প্রথা মেয়েদের শিক্ষা র ক্ষেত্রে বাধা ছিল।

১৯০৩ সালে তিনি বয়স্ক মহিলা দের জন্য বিদ্যালয় খোলেন। শিক্ষার্থীদের মধ্যে সকলেই ছিলেন প্রাচীনপন্থী পরিবারের কন্যা ও বধূ। তাই পর্দাপ্রথা অক্ষুন্ন রেখে তাদের যাতায়াতের জন্য গাড়ির ব্যবস্থা করা হয়। তার উদ্দেশ্য ছিল হিন্দু প্রথা ও রীতি নীতিকে অক্ষুন্ন রেখে শিক্ষা দেওয়া। তঁার শিক্ষা কার্যক্রম ধীরে ধীরে প্রসারিত হয়।

ভারতে নারীশিক্ষার ইতিহাসে নিবেদিতা র অবদান এককথায় অনস্বীকার্য।।

********************************



# ভগিনী নিবেদিতা

**Piu Pramanik**

**6th Semester**

**B.A Education Hons**

**Basanti Devi College**

# নারী শিক্ষায় বেগম রোকেয়ার অবদান

কিংবদন্তি বাঙালী লেখক - বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন, যার নেতৃত্বে নারীরা তৎকালীন মুসলিম সমাজে নারী স্বাধীনতা ও সমঅধিকারের কথা বলতে পেরেছিলেন॥ মুসলিম নারী জাগরণের পথিকৃৎ , সাহিত্যিক ও সমাজ সংস্কারক ছিলেন বেগম রোকেয়া। ১৮৮০ খ্রিস্টাব্দে ৯ ই ডিসেম্বর রংপুর জেলার পয়রাবন্দ


গ্রামে বেগম রোকেয়া জন্মগ্রহণ করেন। বেগম রোকেয়ার পিতার নাম জহীরুদ্দিন মোহাম্মদ আবু আলী হায়দার সাবের ও মাতার নাম রাহাতুন্নেসা সাবেরা চৌধুরানী। তৎকালীন মুসলিম সমাজে নিয়মানুসারে কোনো অভিজাত মুসলিম নারীকে ঘরের বাইরে পড়াশুনো করতে পাঠানো হতো না , কিন্তু রোকেয়ার বড়ো ভাই তাদের ঘরে বসেই রোকেয়া এবং বোনদেরকে আরবি , উর্দু , ইংরেজি এবং বাংলা ভাষা শেখান । ১৮৯৬ খ্রিস্টাব্দে ১৬ বছর বয়সে রোকেয়া বিবাহ বন্ধনে আবদ্ধ হন ধাগলপুরের ডেপুটি ম্যাজিস্ট্রেট সৈয়দ সাখাওয়াৎ হোসেনের সাথে॥ রোকেয়ার স্বামী ছিলেন মুক্তমনা মানুষ , তিনি রোকেয়াকে লেখা লেখির জন্য উৎসাহ দিতে থাকেন॥ ১৯০২ খ্রিস্টাব্দে ' পিপাসা ' নামক একটি বাংলা গল্পের মধ্যে দিয়ে তিনি সাহিত্য জগতে পদার্পণ করেন ।

নারী শিক্ষার ক্ষেত্রে রোকেয়ার অবদান বলতে গেলে বলা যায় যে , ১৯০৯ খ্রিস্টাব্দে তার স্বামীর মৃত্যুর ৫ মাস পর ' রোকেয়া সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল ' নামে একটি স্কুল প্রতিষ্টা করেছিলেন । এরপর ১৯১১ খ্রিস্টাব্দে কলকাতায় ১৫ ই মার্চ তিনি সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল চালু করেন । ১৯১৬ খ্রিস্টাব্দে তিনি মুসলিম বাঙালী নারীদের সংগঠন আঞ্জুমানে খাওয়াতিনে ইসলাম প্রতিষ্টা করেন ॥ " মেয়েদের এমন শিক্ষায় শিক্ষিত করিয়া তুলিতে হইবে , যাহাতে তাহারা ভবিষ্যত জীবনে আদর্শ গৃহিনী , আদর্শ জননী এবং আদর্শ নারী রূপে পরিচিত হইতে পারে " - এই ছিলো বেগম রোকেয়ার বানী॥ এই লক্ষ্যকে অনুসরণ করে ১৯৩০ খ্রিস্টাব্দে বেগম রোকেয়ার অক্লান্ত পরিশ্রমে সাখাওয়াত মেমোরিয়াল স্কুল উচ্চ ইংরেজি বালিকা বিদ্যালয়ে রূপান্তরিত হয় ॥

তিনি তার সাহিত্য জীবনে অসংখ্য গ্রন্থ রচনা করেছিলেন॥ যথা - ' সুলতানার স্বপ্ন ' , ' পদ্মরাগ ' , ' শশধর ' নামক অসংখ্য প্রবন্ধ , গ্রন্থ রচনা করেছিলেন ॥ তিনি তার রচনা দিয়ে ধর্মের নামে নারীর প্রতি অবিচার রোধ করতে সামাজিক সচেতনতা সৃষ্টির চেষ্টা করেছেন এবং সফলও হয়েছেন ॥



# বেগম রোকেয়া



Prity Mondal
Education honours
6th Semester



Taniya Biswas ( ex student )
Department of education
Year of Passout - 2019

নাম-নার্গিস লস্কর

এডুকেশন অনার্স

ষষ্ঠ সেমিস্টার

বাসন্তী দেবী কলেজ

# নারীশিক্ষা সম্পর্কে রাধাকৃষ্ণান ও মুদালিয়র কমিশনের সুপারিশ

স্বাধীনতার অব্যবহিত পরেই সরকার যে প্রথম কমিশনটি স্থাপন করেন তা হল বিশ্ববিদ্যালয় শিক্ষা কমিশন বা **রাধাকৃষ্ণন কমিশন (1948-49)**। কমিশনের প্রাথমিক উদ্দেশ্য ছিল উচ্চ শিক্ষা তথা বিশ্ববিদ্যালয় শিক্ষা সম্বন্ধে সুপারিশ দেওয়া। নারী শিক্ষার ব্যাপারেও এই কমিশনের মতামত গুরুত্বপূর্ণ।

## মেয়েদের শিক্ষার ব্যাপারে কমিশনের সুপারিশ হল :

- যে কলেজগুলিতে ছাত্রদের সংখ্যা বেশি সেগুলিতে এখন অধিক সংখ্যায় মেয়েরা ভর্তি হচ্ছে, অতএব এইসব কলেজগুলিতে নারী শিক্ষার জন্য সবরকম প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- ·শিক্ষার সুযোগ থেকে মেয়েরা যেন কোন রকম ভাবেই বঞ্চিত না হয় বরং এই সুযোগ কিভাবে বৃদ্ধি করা যায় তার জন্য সচেষ্ট হতে হবে।
- রাধাকৃষ্ণান কমিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো 13 থেকে 18 বছর বয়স
- পর্যন্ত ছেলে ও মেয়েদের পৃথক শিক্ষার ব্যবস্থা করার সুপারিশ।
- ·গার্হস্থ্য শিক্ষা বা গার্হস্থ্য অর্থনীতির বিরুদ্ধে যে ধরনের সংস্কার আছে তা কাটিয়ে ওঠা দরকার।
- নতুন কলেজ যেখানে সহশিক্ষার ব্যবস্থা থাকবে সেই সব কলেজে মেয়েদের প্রয়োজনের উপর বিশেষ গুরুত্ব দিতে হবে।
- সহশিক্ষা দেওয়া হয় এই ধরনের কলেজে পুরুষদের সামাজিক দায়িত্ব ও মহিলাদের সম্মান রক্ষার ব্যাপারে সচেতন করার চেষ্টা করা দরকার।
- মহিলা শিক্ষিকারা পুরুষ শিক্ষকের সঙ্গে সমহারে বেতন পাবেন।

**মুদালিয়ার কমিশন** মন্তব্য করেন যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে দেখা গেছে যে মেয়েরা ইঞ্জিনিয়ারিং, কৃষি, চিকিৎসা, পশুচিকিৎসা, বাণিজ্য ,আইন শিক্ষকতা ইত্যাদি বৃত্তিতে নিযুক্ত হচ্ছে ও পড়াশোনা করছে।

কমিশন সুপারিশ করেন যে যদি সম্ভব হয় তাহলে মেয়েদের জন্য আলাদা প্রতিষ্ঠান স্থাপন করা উচিত, কারণ মিশ্র প্রতিষ্ঠানের তুলনায় এখানে মেয়েরা অনেক বেশি সুযোগ পাবে এবং রাজ্য এই ধরনের প্রতিষ্ঠান যথেষ্ট সংখ্যায় প্রতিষ্ঠা করার চেষ্টা করবে।

কমিশন উল্লেখ করে যে অনেক সময় ছেলেদের শিক্ষাপ্রতিষ্ঠান গুলি সরঞ্জাম ও গৃহ নির্মাণ বাবদ তুলনামূলকভাবে বেশি সরকারি অর্থ সাহায্য পেয়ে থাকে। তাই মুদালিয়ার কমিশন সুপারিশ করে যে ভবিষ্যতে মেয়েদের শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নে সরকার একইভাবে অর্থ সাহায্য করবে, যাতে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থায় ছেলেমেয়েদের বৌদ্ধিক বিকাশে যেন কোন রকম তারতম্য না হয়।

মিশ্র শিক্ষাপ্রতিষ্ঠান প্রসঙ্গে মুদালিয়ার কমিশন বলে যে এই ধরনের বিদ্যালয়ে মেয়েদের শিক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দিতে হবে । এর জন্য কিছু নিয়ম প্রবর্তন করা দরকার ।

যেমন –

- ❖ বিদ্যালয় প্রশাসনের ব্যাপারেও মহিলারা যাতে অংশ নিতে পারে তার জন্য সচেষ্ট হওয়া প্রয়োজন।
- ❖ সহপাঠক্রমিক কার্যাবলী প্রসঙ্গে বলা হয়েছে যে মেয়েদের জন্য গাইড,নার্সিং ও সেলাই এই ধরনের সহ পাঠক্রমিক কাজের ব্যবস্থা করতে হবে।
- ❖ যেখানে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা কম যেমন গ্রামাঞ্চলে সেখানেও অন্তত একজন মহিলা শিক্ষিকা থাকবেন । শিক্ষিকাদের জন্য পৃথক ব্যবস্থা থাকা দরকার। মেয়েদের জন্য পৃথক খেলার মাঠ, কমনরুম ও শৌচালয়ের ব্যবস্থা থাকা প্রয়োজন ।
- ❖ মেয়েদের কাছে আকর্ষনীয় বিষয় যেমন- গার্হস্থ্য বিদ্যা, সঙ্গিত,অংকন ও মুদ্রণ শিল্প ইত্যাদি পড়ানোর ব্যবস্থা করতে হবে ।
- ❖ বিদ্যালয়ের কর্মীদের মধ্যে মহিলা ও পুরুষ এই দুই ধরনের কর্মীই থাকবেন ।

*************************

মেঘা রায়

শিক্ষাবর্ষ : ষষ্ঠ সেমিস্টার

এডুকেশন হনার্স

বাসন্তি দেবী কলেজ

# নারীশিক্ষা এবং দুর্গাবাই দেশমুখ কমিটি



1957 খ্রিস্টাব্দের প্ল্যানিং কমিশনের এডুকেশন প্যানেল-এর একটি মিটিং-এ নারীশিক্ষা সম্বন্ধে আলোকপাত করার জন্য একটি কমিটি নিয়োগ করার প্রস্তাব করা হয় এবং এই প্রস্তাবমতো ভারত সরকারের শিক্ষা মন্ত্রক এই কমিটি স্থাপন করে। কমিটির সভাপতি নিযুক্ত হন শ্রীমতি দুর্গাবাই দেশমুখ।

## কমিটির উদ্দেশ্য (Objectives of the Committee) কমিটির উদ্দেশ্যগুলি ছিল—

•প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা স্তরে নারীশিক্ষার প্রসারের জন্য পদক্ষেপ নেওয়া।

•মহিলা শিক্ষার সর্বস্তরে যে অপচয় আছে তার অনুসন্ধান করা।

•মহিলারা বিশেষ করে নিরক্ষর মহিলারা কীভাবে শিক্ষার সাহায্যে নিজেদের রোজগারের ব্যবস্থা করতে পারে ও সামাজিক অগ্রগতিতে অংশগ্রহণ করতে
পারে সেই সংক্রান্ত ব্যবস্থা করা।

•যেসব স্বেচ্ছাসেবী সংস্থা নারীশিক্ষায় নিযুক্ত আছে তাদের শিক্ষা সংক্রান্ত সরঞ্জাম ঠিকমতো আছে কিনা তা অনুসন্ধান করা এবং প্রয়োজনমতো এ ব্যাপারে তাদের
সাহায্য করা।
•কীভাবে মহিলাদের বৃত্তি শিক্ষায় উৎসাহিত করা যায় সে সম্বন্ধে অনুসন্ধান করা।

## কমিটির বিভিন্ন সুপারিশ (Various Recommendations of the Committee)

এই কমিটি প্রথমে কয়েকটি বিশেষ সুপারিশ করে, যেগুলিকে মহিলা শিক্ষার প্রসারের জন্য সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়া হয়। এগুলি হল—

• নারী ও পুরুষের শিক্ষার মানের যে পার্থক্য আছে তা যত তাড়াতাড়ি সম্ভব দূর করা এবং প্রয়োজনমতো এই ব্যাপারে অর্থ বরাদ্দ করা দরকার।

• নারীশিক্ষা প্রসারের জন্য যত তাড়াতাড়ি সম্ভব নারীশিক্ষা পর্ষদ গঠন করা (ন্যাশনাল কাউন্সিল ফর এডুকেশন অফ গার্লস অ্যান্ড উইমেন) রাজ্য সরকারগুলিও এ ব্যাপারে রাজ্য স্তরে কাউন্সিল গঠন করবে।

• প্রতিটি রাজ্য নারীশিক্ষার বিস্তারের জন্য সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করবে।

• নারীশিক্ষার অগ্রগতির জন্য বেসরকারি সংস্থা, স্থানীয় শাসক গোষ্ঠী, স্বেচ্ছাসেবী সংস্থা, শিক্ষক সংসদ ইত্যাদি সংস্থার সাহায্য নেওয়া দরকার।

• কী ধরনের মহিলা কর্মীর প্রয়োজন হবে তা নির্ধারণ করার জন্য প্ল্যানিং কমিশে একটি পূর্ণসময়ের বিভাগ তৈরি করতে হবে।

কমিটি মেয়েদের শিক্ষার প্রসারের জন্য আরও কয়েকটি সুপারিশ করেছিল, যেগুলি নীচে আলোচনা করা হল-

### •প্রাথমিক শিক্ষা (6-11 বছর)

প্রাথমিক শিক্ষার প্রসারের জন্য সরকার মেয়েদের বিশেষ বিশেষ সুবিধা দেবেন যাতে তারা শিক্ষার ব্যাপারে উৎসাহী হয়। বিশেষ করে গ্রামে যেখানে মেয়েদের মধ্যে শিক্ষার হার কম সেখানে বৃত্তি বা পুরস্কারের ব্যবস্থা করা দরকার।

### • মাধ্যমিক শিক্ষা (11-17 বছর)

শিক্ষার এই স্তরে যাতে আরও সহশিক্ষা দেওয়া হয় সেই ধরনের প্রতিষ্ঠান স্থাপন করতে হবে। গ্রামে ছেলে ও মেয়েদের জন্য আলাদা বিদ্যালয় থাকাই বাঞ্ছনীয়, কিন্তু অভিভাবকরা যদি তাদের কন্যাসন্তানকে ছেলেদের বিদ্যালয়ে ভরতি করতে চায় তাহলে সে ব্যাপারে সম্পূর্ণ স্বাধীনতা তাদের দেওয়া হবে। যেসব অভিভাবকের বেতন ন্যূনতম সীমার নীচে তাদের মেয়েদের শিক্ষা অবৈতনিক হবে। যতদূর সম্ভব মিডল স্কুল ও মাধ্যমিক স্তরের শিক্ষার জন্য মেয়েদের বিদ্যালয়ে যাতায়াতের ব্যবস্থা থাকবে।
পাঠক্রম সংক্রান্ত সুপারিশ প্রাথমিক স্তরে ছেলে ও মেয়েদের পাঠক্রম একই হবে যদিও সংগীত, কলা ও সেলাই শিক্ষার ব্যবস্থা থাকবে। মিডল স্তরে অর্থাৎ নিম্ন মাধ্যমিক স্তারে ছেলে ও মেয়েদের পাঠক্রম পৃথক করার প্রয়োজন আছে।
মহিলা শিক্ষক প্রশিক্ষণের জন্য ট্রেনিং কলেজ প্রতিষ্ঠা করার দরকার এবং গ্রামাঞ্চলে শিক্ষিকাদের চাকরিতে নিয়োগ করতে হলে হস্টেল বা কোয়ার্টার্সের ব্যবস্থা বৃদ্ধি করতে হবে। শিক্ষিকাদের অবসরের বয়স হ্রাস করা উচিত এবং নিয়োগ করার সময়ও বয়সের উর্ধ্বসীমা শিথিল করতে হবে যাতে বেশি সংখ্যক মহিলা শিক্ষক নিয়োগ করা সম্ভব হয়।

বৃত্তি ও পেশাগত শিক্ষার ব্যাপারে কমিটি মন্তব্য করে যে বাণিজ্য, কৃষি, চিকিৎসা, ইঞ্জিনিয়ারিং ইত্যাদি পেশায় যাতে মহিলারা বেশি সংখ্যায় আসতে পারে তার জন্য স্কলারশিপের ব্যবস্থা করতে হবে। প্রয়োজন হলে মেয়েদের আংশিক সময়ের জন্য বিভিন্ন পেশায় নিয়োগ করা দরকার। বৃত্তি শিক্ষায় মহিলাদের নিয়োগের প্রয়োজনের ব্যাপারে জনমত গড়ে তোলার দরকার।

বয়স্ক মহিলাদের শিক্ষার জন্য কমিটি সুপারিশ করে যে বৃত্তিমূলক শিক্ষা ও স্বল্পকালীন শিক্ষার ব্যবস্থা করা দরকার। কমিটি মনে করে যে স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে মহিলা শিক্ষার বিভিন্ন স্তরে অর্থাৎ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, উচ্চশিক্ষা ও বৃত্তিশিক্ষার প্রসারে বেশি করে কাজে লাগানো যেতে পারে।

অন্যান্য সুপারিশের মধ্যে কমিটি মেয়েদের শিক্ষাক্ষেত্রে অপচয় ও অনুন্নয়ন (Wastage and Stagnation)-এর বিষয়ে উদ্বেগ প্রকাশ করে। এর কারণ হিসেবে পিতামাতার উদাসীনতা এবং অর্থনৈতিক দুরবস্থাকে দায়ী করা যায়। কমিটি এ ব্যাপারে নিম্নলিখিত সুপারিশগুলি করেছিল—

•প্রাথমিক স্তরে শিক্ষাবর্ষের শুরুতেই ভরতির ব্যবস্থা করতে হবে এবং 60 দিনের পর আর ভরতি হবে না।
•শিক্ষিকারা বিশেষ করে দেখবেন যাতে ছাত্রীদের উপস্থিতির হার বজায় থাকে।

•শিক্ষার মান বৃদ্ধি করতে হবে এবং ভরতির বয়স 6+ করা দরকার।

•অনুন্নয়ন রোধ করার জন্য নিয়মিত পরীক্ষা নিতে হবে, শিক্ষা পদ্ধতির উন্নতি করতে হবে এবং গরিব মেয়েদের জন্য বই ও অন্যান্য উপকরণের ব্যবস্থা রাখতে হবে।

• যারা কোনোরকম অর্থনৈতিক কাজে নিযুক্ত আছে তাদের জন্য আংশিক সময়ের শিক্ষা ব্যবস্থা ও পিতামাতার উদাসীনতা দূর করার জন্য প্রচার অভিযানের ব্যবস্থা করতে হবে।

সবশেষে শিক্ষকদের বেতনের মানের কথাও বলা হয়। বেতনের স্কেলের সংশোধন করা প্রয়োজন। সরকারি ও বেসরকারি বিদ্যালয়ের বেতন কাঠামো এক হতে হবে এবং অবসরকালীন ভাতা, প্রভিডেন্ড ফান্ড ও জীবন বিমার ব্যবস্থা করাও প্রয়োজন।

SUBHECHA MONDAL
6TH SEMESTER
EDUCATION HONOURS
BASANTI DEVI COLLEGE

# নারীশিক্ষা ও কোঠারি কমিশন

নারীশিক্ষা এমন একটি শিক্ষাক্ষেত্র যা লিঙ্গের সামাজিক ও সাংস্কৃতিক গঠন পরীক্ষার সময় নারীদের জীবন ও অভিজ্ঞতা অধ্যায়নকে কেন্দ্র করে নারীবাদী ও আত্মবিষয়ক পদ্ধতিগুলির স্বপক্ষে রচনা করে থাকে। নারীশিক্ষা বলতে শিক্ষার প্রতিটির রূপকে বোঝায় যা নারীর জ্ঞান ও দক্ষতার উন্নতি সাধন করে থাকে। স্বাধীনতার পরবর্তী যুগের নারী শিক্ষা বিশেষভাবে প্রসার লাভ করে। 1964 সালে 14 জুলাই অধ্যাপক ডি.এস. কোঠারির নেতৃত্বে ভারত সরকার কর্তৃক কোঠারি কমিশন গঠিত হয়। শিক্ষামন্ত্রী এম.সি. চাগলার উদ্যোগে ডঃ ডি.এস.কোঠারির নেতৃত্বে দেশীয় ও অন্যান্য দেশের শিক্ষাবিদদের নিয়ে গঠিত এই কমিশনের রিপোর্ট এবং সুপারিশই কমিশনের রিপোর্ট হিসাবে সর্বশেষ রিপোর্ট। স্বাধীন ভারতের পটভূমিকায় শিক্ষার একটি সার্বিক জাতীয় পরিকল্পনা রচনা করা এবং সার্বিক ক্ষেত্রে শিক্ষার সামগ্রিক সমৃদ্ধি ও উন্নয়নের জন্য সংস্কারকে নির্দেশনা দানের উদ্দেশ্যে কোঠারি কমিশন নিযুক্ত হয়। সাধারণ শিক্ষা ছাড়াও বহু প্রকার বৃত্তিশিক্ষার দ্বারা নারীদের শিক্ষার পথ উন্মুক্ত হয়। কোঠারি কমিশন (1964–66) ভারতীয় শিক্ষা ব্যবস্থার সংস্কারের জন্য সুপারিশ করে। কিন্তু তার স্বত্তেও বিশেষ বিশেষ কারণের জন্য স্বতন্ত্র ও মূল্যবান কিছু সুপারিশ করা হয়েছে। নারীশিক্ষা এই রকমই একটি বিশেষ ক্ষেত্র। কোঠারি কমিশন শিক্ষাক্ষেত্রে নারী ও পুরুষের ব্যবধান কমিয়ে সমানাধিকার দেওয়ার ব্যাপারে অভিমত পোষণ করে। নারীশিক্ষা সম্পর্কে কোঠারি কমিশনের সুপারিশ গুলি হল–

1. নারীশিক্ষার সমগ্র শিক্ষা ব্যবস্থার একটি বিশেষ কর্মসূচি বলে পরিগণিত হবে। এ ব্যাপারে দৃঢ় প্রচেষ্টা হয়ে যতদূর সম্ভব কম সময়ের মধ্যে নারী শিক্ষার অসুবিধা দূর করতে হবে ও নারী পুরুষের শিক্ষার তারতম্য কমিয়ে ফেলতে হবে।

2.স্থানীয় চাহিদা অনুসারে মেয়েদের জন্য কলেজ গড়ে তুলতে হবে। স্নাতকোত্তর স্তরের পৃথক ব্যবস্থার প্রয়োজন নেই।মেয়েদের শিক্ষা সংক্রান্ত বিষয়ে গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ের সুযোগ সৃষ্টি করতে হবে।

3.মেয়েদের শিক্ষার ব্যাপারে করার জন্য রাজ্য ও কেন্দ্রীয় সংগঠন গড়ে তুলতে হবে।মেয়েরা আংশিক সময়ের চাকরি পায় তার ব্যবস্থা করতে হবে।

4.নারী-পুরুষের সহযোগিতার জন্য বিশেষ কর্মসূচি গ্রহণ করতে হবে এবং অগ্রাধিকারের ভিত্তিতে আর্থিক অনুদানের ব্যবস্থা করতে হবে।

5.নারী শিক্ষার অগ্রগতির জন্য রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিশেষ বিভাগ সৃষ্টি করতে হবে এর জন্য পরিকল্পনা গ্রহণ ও পরিকল্পনা রূপায়ণের জন্য সরকারি ও বেসরকারি আধিকারিকদের একসঙ্গে কাজ করতে হবে।

6.মেয়েদের শিক্ষারক্ষেত্র নিম্ন মাধ্যমিক স্তরে মেয়েদের ও ছেলেদের অনুপাত 1:2 ও উচ্চ মাধ্যমিক স্তরের ক্ষেত্রে এই অনুপাত হওয়া উচিত 1:3 1986সাল পর্যন্ত।

7.মেয়েদের জন্য পৃথক বালিকা বিদ্যালয়,হোস্টেল,বৃত্তি,আংশিক বা পূর্ণ সময়ের জন্য বৃত্তি শিক্ষার ব্যবস্থা করার কথা বলা হয়েছে এই সব সুপারিশের বৃত্তিগত শিক্ষার প্রতিষ্ঠানগুলি শিল্পাঞ্চলে গড়ে উঠবে।

8.ছেলে অথবা মেয়েদের জন্য আলাদা কোন পাঠক্রম থাকবে না। মেয়েদের জন্য গার্হস্থ্যবিজ্ঞান আবশ্যিক হবেনা। তবে মেয়েদের অধিকাংশের জন্য গান,চারুকলার ব্যবস্থা থাকবে।তাদেরকে গণিত ও বিজ্ঞান পড়ার ক্ষেত্রে উৎসাহিত করতে হবে।

উপরোক্ত আলোচনা থেকে বলা যায় যে,কমিশনের মতে জেলার প্রাথমিক শিক্ষাপ্রকল্প(DPEP)মহিলার সাক্ষরতার উপর বিশেষভাবে নজর দেয়।শিখন পদ্ধতির উন্নতির জন্য মহিলাদের ডাকযোগে শিক্ষাব্যবস্থা করা দরকার।সেই সমস্ত নারীদের কথা ভেবেই কোঠারি কমিশন যেসব গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন তা নারীশিক্ষায় অত্যন্ত উল্লেখযোগ্য ও মূল্যবান স্থান গ্রহণ করে আসছে ||

নাম : স্মৃতি মন্ডল

এডুকেশন অনার্স

6th semester

বাসন্তী দেবী কলেজ

# নারী শিক্ষা এবং ভক্তবৎসলম কমিটি

কবি কাজী নজরুল ইসলাম "আমাদের নারী" কবিতার প্রথমলাইনে লিখেছিলেন-

" গুণে গরিমায় আমাদের নারী আদর্শ দুনিয়ায়" ।

কবির এরুপ ভাবনা কে প্রাধান্য দিতে সমাজে নারী শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। নারী শিক্ষার অগ্রগতির জন্য বিভিন্ন পরিকল্পনা ও কমিটি গঠন করা হয়।

নারীশিক্ষা বলতে শিক্ষার প্রতিটি রূপকে বোঝায় যা নারীর জ্ঞান ও দক্ষতার উন্নতিসাধন করে থাকে।

জাতীয় মহিলা শিক্ষা পরিষদ ১৯৬৩খ্রিস্টাব্দের একটি মিটিং -এ ঠিক করে যে নারী শিক্ষার অগ্রগতির জন্য সাধারণ জনগণের সহযোগিতা কীভাবে পাওয়া যেতে পারে এ ব্যাপারে একটি কমিটি গঠন করা হবে। সেইমতো মাদ্রাজের তৎকালীন মূখ্যমন্ত্রী শ্রী এম ভক্তবৎসলম-এর সভাপতিত্বে জাতীয় মহিলা পরিষদ কর্তৃক একটি কমিটি গঠিত হয়, যার নাম হল ভক্তবৎসলম কমিটি। এই কমিটি মন্তব্য করে যে, নারী শিক্ষার অগ্রগতির জন্য শিক্ষিত ও তথ্যাভিজ্ঞ জনগণের সহযোগিতা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে সরকারি ও বেসরকারি সংস্থার মধ্যে এক যুগ্ম দায়িত্বের মনোভাব গড়ে তুলতে হবে। নারী শিক্ষা সম্পর্কে এই কমিটির সুপারিশগুলি হল-

- সরকার এবং জনগণ উভয়েই উচিত যৌথভাবে কাজ করা এবং মেয়েদের শিক্ষার বিষয়ে একটি পরিকল্পিত পদ্ধতিতে এগিয়ে নিয়ে যাওয়া।
- মেয়েদের শিক্ষার জন্য বেশিসংখ্যক বিদ্যালয় প্রতিষ্ঠান স্থাপনের, বিশেষ করে গ্রামাঞ্চলে প্রাক-প্রাথমিক শিক্ষা স্থাপনের সুপারিশ করা হয়। এছাড়া বিদ্যালয় ভবনগুলির উন্নতি করা একান্ত প্রয়োজন।
- প্রাথমিক পর্যায়ে সহশিক্ষা জনপ্রিয় হওয়া উচিত।
- ভবিষ্যত শিক্ষিকাদের প্রশিক্ষণের জন্য ট্রেনিং কলেজ স্থাপন করা দরকার এবং এই কলেজগুলিতে ছাত্রীআবাসও থাকা প্রয়োজন।

- মহিলা শিক্ষিকা নিয়োগের ব্যাপারে বিশেষ পদক্ষেপ গ্রহণ করতে হবে, তাদের বেতনের সাথে বিশেষ ভাতার ব্যবস্থা করতে হবে। প্রয়োজন হলে শিক্ষিকাদের আংশিক সময়ের জন্য নিয়োগ করা যেতে পারে এবং চাকরিতে নিয়োগের ব্যাপারে বয়সের উর্দ্ধসীমা শিথিল করা প্রয়োজন।
- কমিটি সুপারিশ করে যে, মহিলা শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য পরিদর্শন ব্যবস্থার উন্নতি করা প্রয়োজন, আরও বেশি সংখ্যায় মেয়েদের বিদ্যালয়ে আনার জন্য মহিলা পরিদর্শকের সংখ্যা বাড়াতে হবে। এছাড়া আঞ্চলিক সংস্থাগুলিকে আরও বেশি দায়িত্ব দিলে নারী শিক্ষার অগ্রগতি সম্ভব।
- সমাজ শিক্ষা প্রসারের জন্য বয়স্ক মহিলা শিক্ষার ব্যবস্থা করা প্রয়োজন এবং সাক্ষরতা কর্মসূচি গ্রহণ করা উচিত। এ ব্যাপারে রাজ্য সরকারের শিক্ষা বিভাগ প্রয়োজনীয় প্রশাসনিক দায়িত্ব নেবে।
- বিদ্যালয়ের উন্নতির জন্য আলোচনা সভার প্রয়োজন, মেয়েদের জন্য সেমিনার, বেতার আলোচনা, পুস্তিকা প্রকাশ প্রয়োজন।
- মাধ্যমিক শিক্ষাস্তরে মেয়েদের জন্য পৃথক বিদ্যালয় স্থাপনের ব্যবস্থা করতে হবে। নারী শিক্ষার অগ্রগতির জন্য রাজ্যগুলিকে অনুদান দিতে হবে, রাজ্যস্তরে নারীশিক্ষা পরিষদ নারী শিক্ষার অগ্রগতিতে বিশেষভাবে সচেষ্ট হবে এবং উপদেশ ও পরামর্শ দিয়ে তৃণমূল স্তরে নারী শিক্ষার বিস্তারে সাহায্য করবে।
- পাঠক্রম সংক্রান্ত ব্যাপারে কমিটি বলে যে, প্রাথমিক ও মিডল স্কুল স্তরে
- মেয়েদের একই বিষয় পড়ানো যেতে পারে।
- এছাড়া যেসব রাজ্য মেয়েদের শিক্ষার ব্যাপারে পশ্চাদমুখী তাদের বিশেষ প্রচেষ্টা চালাতে হবে। যেমন -বিহার, জম্মুকাশ্মীর, মধ্যপ্রদেশ, ওড়িশা, রাজস্থান ও উত্তরপ্রদেশের নিজস্ব অনেক সমস্যা আছে। তাই এই রাজ্যগুলিকে আরও বেশি সচেষ্ট হতে হবে যাতে নারী শিক্ষার অগ্রগতি ঠিকমতো হয়।

পরিশেষে বলা যায়, ভক্তবৎসলম কমিটির সুপারিশগুলি নারী শিক্ষার বিস্তার ও অগ্রগতির ক্ষেত্রে বিশেষ অবদান রাখে।

-------------------

নাম - অনন্যা মৌলিক
এডুকেশন অনার্স
6th semester
বাসন্তীদেবী কলেজ

# নারীশিক্ষা ও হংসরাজ মেহতা কমিটি

১৯৬১ খ্রিস্টাব্দে ন্যাশনাল কাউন্সিল ফর উইমেন্স এডুকেশন এর নির্দেশে ও কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকের পরামর্শক্রমে হংস মেহেতার সভাপতিত্বে এই কমিটি গঠিত হয়।

কমিটির উদ্দেশ্য:-

কমিটি যে উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছিল তা হল-

• মহিলাদের ব্যক্তিগত ও সামাজিক চাহিদা পূরণে বর্তমান পাঠ্যক্রম কতখানি কার্যকরী এবং বর্তমান শিক্ষা ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে এই ব্যাপারে পরিবর্তন আনা।

• গার্হস্থ্যবিদ্যা ও কলাবিদ্যা ছাড়াও মেয়েদের শিক্ষার পাঠক্রমে বিশেষ করে মাধ্যমিক স্তরে অন্য বৃত্তিশিক্ষার ব্যবস্থা করা যায় কিনা তা বিবেচনা করা।

• কলা শিক্ষা ও গার্হস্থ্য শিক্ষার পরিবর্তন বা পরিবর্ধন করে এগুলি বৃত্তিশিক্ষার পর্যায়ে নিয়ে যাওয়া যায় কিনা তা দেখা।

সুপারিশ:-

কমিটির সুপারিশ গুলি হল-

♣ ¶ছেলে ও মেয়েদের মধ্যে যে শিক্ষার বৈষম্য আছে তা অবিলম্বে দূর করা।

♣ ¶নারী ও পুরুষের প্রভেদ সংক্রান্ত ভ্রান্ত ধারণা জনগণের মধ্যে থেকে দূর করার ব্যবস্থা করা।

♣ ¶কমিটির মতে প্রাথমিক স্তরে সহশিক্ষার ব্যবস্থা থাকা উচিত। মাধ্যমিক ও কলেজ স্তরে কর্তৃপক্ষ বা অভিভাবকদের পূর্ণ স্বাধীনতা থাকবে সহশিক্ষা ব্যবস্থা গ্রহণ করার বা পৃথক শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের পড়ানো।

♣ ¶কমিটি মন্তব্য করে যে শিক্ষাব্যবস্থা ব্যক্তিগত ক্ষমতা, আগ্রহ ও মনোভাবের উপর প্রতিষ্ঠিত হবে এ ব্যাপারে লিঙ্গবৈষম্যের কোন ভূমিকা থাকা উচিত নয়। আধুনিক সমাজে পাঠক্রমের পৃথকীকরণ কখনোই নারী-পুরুষের বিভেদের ওপর ভিত্তি করে হতে পারে না।

♣ ¶কমিটির মতে প্রাথমিক স্তরে ছেলে ও মেয়েদের পাঠক্রমে অবশ্যই কোন থাকবে না।

♣ ¶১৪ বছর পর্যন্ত সর্বজনীন শিক্ষা দেওয়া হবে তা ছেলে ও মেয়েদের একই ধরনের হওয়া উচিত এবং লিঙ্গের ভিত্তিতে পাঠক্রমে কোন পার্থক্য করা যাবে না এবং সাধারণ পাঠকের সবার জন্য গৃহবিজ্ঞানও অন্তর্ভুক্ত করা হবে।

♣মিডল স্কুল এর পরবর্তী পর্যায়ে বৃত্তিশিক্ষার শুরু হওয়া উচিত কারণ ১১/১২ বছরের শিক্ষার্থীদের ততখানি পরিণত মন হয় না যাতে তারা ঐচ্ছিক বিষয় নির্বাচন করতে পারে।

♣ কমিটির সুপারিশ করে যেমাধ্যমিক স্তরে পাঠ্যক্রমে হাতের কাজ কে আবশ্যিক অংশ করতে হবে।

♣ কমিটির মতে মাধ্যমিক শিক্ষার শেষে পাঠ্যক্রম আবার বিভাজন করা উচিত যাতে ছাত্রীদের একটি অংশ উচ্চশিক্ষার ক্ষেত্রে প্রবেশ করবে এবং অন্য দলটি বিশেষ শিক্ষা নেবে যাতে তাদের বৃত্তিমূলক যোগ্যতা বৃদ্ধি পায়।

♣ কমিটি মন্তব্য করে যে পাঠ্যপুস্তকে বিশেষ করে ভাষা ও সমাজবিজ্ঞানের পাঠ্যপুস্তকে মেয়েদের প্রয়োজন, অভিজ্ঞতা ও সমস্যা সম্বন্ধীয় বিষয় থাকা উচিত।


♣ কমিটির সুপারিশ করে যে পাঠ্যপুস্তক এর মধ্যে দিয়ে নারী ও পুরুষের পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক গড়ে তুলতে হবে।

♣ বিভিন্ন ধরনের বৃত্তিমূলক বিষয় পড়ানোর জন্য মেয়েদের বিদ্যালয় গুলিকে আর্থিক সাহায্য দেওয়া উচিত এবং বিভিন্ন বিষয়ে শিক্ষণ পদ্ধতির উন্নতি করা উচিত।


♣ মেয়েদের বিদ্যালয়গুলিতে সুদক্ষ পরিণত এবং প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষিকা সাহায্যে যৌন শিক্ষার ব্যবস্থা করার কথা কমিটি উল্লেখ করেছে।

♣ মহিলাদের জন্য চাকরিতে নিয়োগ করার সুপারিশ করা হয়েছে।

উপরিউক্ত সুপারিশ গুলি নারী শিক্ষার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ।



Prity Mondal
Education honours
6th Semester



Prity Mondal
Education honours
6th Semester

**Megha Roy**

**6th Semester**

**Education Hons**

**Basanti Devi College**


# EDUCATION FOR WOMEN IN INDIA

Educating women is the first and the most important step towards women empowerment. An educated women is aware of her rights and can fight for herself. Savitribai Phule is one of the pioneers of the feminist movement in India. She started the first-ever school for girls in India in 1848 at Bhide Wada, Pune.

Even after the Indian government's strong commitment to public education, India still has one of Asia's lowest female literacy rates. India's female literacy rate of 65.6 percent is substantially lower than the global average of 79.7%. The situation is much worse in rural regions, where fewer females attend school than boys and the dropout rate among girls is alarming. There are many reasons for the low female literacy rate in India, but the most important reasons are Poverty and the Patriarchal mindset of the Indian society.

A woman's lack of knowledge has a negative impact on her children's health and well-being. Illiterate women have a high risk of fertility and death, poor nutritional status, little economic capacity, and minimal family autonomy, according to several studies. In the family, society, and country, educated women are the true cause of happiness. It is claimed that teaching a man just educates a man, but educating a woman educates the entire family and hence the entire nation in a single day.

Many programs have been launched in India for women education, for example Sarwa Shiksha Abhiyan, Indira Mahila Yojana, Balika Samridhi Yojana, Rashtriya Mahila Kosh, Mahila Samridhi Yojana, Employment and Income Generating Training-cum-Production Centres, Programme of Development of Women and Children in rural areas, Short Stay Home for Women and Girls, etc. Though the situation is getting better with time, we still have a long way to go. The most important step is spreading awareness among the people.*



# সাবিত্রীবাঈ ফুলে

**Pronami Bhadra ( Ex- Student)**
**Department of Education**
**Basanti Devi College**
**Year of Passout- 2008**

# কর্মক্ষেত্র ও নারীশিক্ষা

প্রাচীনকালের নারীর ভূমিকা সমাজে খুব বেশি লক্ষণীয় নয়, কারণ প্রাচীনকালের মানুষের জীবন ছিল অনেকটাই গায়ের জোরে অধিকারের উপর নির্ভরশীল। তখন কেবলমাত্র বাড়ির কাজকর্ম নারীর জন্য সঠিক সিদ্ধান্ত। ভারতের মধ্যযুগের ইতিহাসও অনেকাংশে যুদ্ধ-চাষবাসের মতো কঠিন ক্ষেত্র হিসেবে যথেষ্ট সাফল্যের সঙ্গে সামলেছেন পুরুষরা। যদিও  সর্বক্ষেত্রেই নারীর যথেষ্ট অবদান লক্ষ্য করা যায়। কিন্তু বর্তমান একবিংশ শতাব্দীতে মানুষ অনেকাংশে বন্যতাকে অতিক্রম করে সামাজিক গণ্ডির মধ্যে প্রবেশ করতে পেরেছে। তাই তার কর্মক্ষেত্র এবং জীবনযাপন একটাই পদ্ধতিগতভাবে সুরক্ষিত। এমত অবস্থায় যদি সমাজের অর্ধেক দায়িত্ব নারীদের দ্বারা পরিচালিত করা যায় তাহলে ১০০% সাফল্যে দ্বারা আমাদের সভ্যতার অগ্রগতি সম্ভব।  অর্থাৎ নারীদের হাতে দিতে হবে কাজ। নারীরাই সমাজের একমাত্র স্তম্ভ যারা, সমাজের ভিত্তি করে দিতে পারে, এক একটি সন্তানকে শিক্ষিত করে এবং  পাশাপাশি বর্তমান প্রায় সর্বপ্রকার কর্মক্ষেত্রকে সঠিক সাফল্যের দিকে এগিয়ে দিতেও পারে।  তার জন্য প্রয়োজন প্রকৃত শিক্ষা। যা বর্তমান ভারতবর্ষে প্রায় বিলুপ্তির পথে। বর্তমান শিক্ষা  কেবল বাহন  করার জন্য দেওয়া হয়। যে শিক্ষা,  শিক্ষার্থীর মেরুদণ্ডকে এতটাই নমনীয় করে দেয় যে, যা দেখে মনে হয় ৫০ শতাংশ ক্যালসিয়াম কমে গেছে। বলা যায় শিক্ষিত কিন্তু সম্পূর্ণটাই কৃত্রিম, কোথাও প্রকৃত শিক্ষার ছোঁয়াটুকু ও নেই। আর যদি কাজেও লাগে, সেই কাজের যায়গা বেশিরভাগ ক্ষেত্রেই কুকাজে ভরে যায়। এই জাতীয় শিক্ষার আঁধারে, বর্তমান শিক্ষা ব্যবস্থায় নারীদের শিক্ষার জন্য বিভিন্ন দশকের পর দশক পলিসি-উৎসব  শুরু হয়েছে। যা কেবলমাত্র মানুষকে বোঝানোর জন্য যথেষ্ট যে, এটার নাম “নারী কল্যাণ”  । এছাড়াও কিছু প্রকল্পের-শ্রাদ্ধ হচ্ছে, যাতে কিনা নারী শিক্ষার উন্নতির জন্য আমরা প্রাণ উৎসর্গ করে দিচ্ছি আর বিশ্বাস করানো হচ্ছে যে উন্নতির শিখরে পৌঁছাবে এই নারী কল্যাণ প্রকল্প-পলিসি। অবশ্য এই প্রকল্প-পলিসির দৌলতে অনেক নারীই আজ উচ্চশিক্ষার শিখরে পৌঁছে  গিয়েছে,  কিন্তু তারপর পথহারা পথিকের মতো আসৎ সমাজের পদতলে জীবনের সুন্দর মুহূর্ত গুলোর স্বপ্ন নিয়ে শেষশয্যায় যাচ্ছে।

বর্তমান সময়ে যদিও ৩৭.১% যুবক কর্মরত রয়েছেন, পুরুষদের অংশগ্রহণের হার (৫৭.১%) এবং মহিলাদের (১২.৭%) এর মধ্যে অনেক বড় পার্থক্য রয়েছে। India's jagged labour structure and gender disparity এর মতে প্রতি ৪ জন মহিলার মধ্যে ৩ জন কোনও স্বীকৃত অর্থনৈতিক ক্রিয়ায় অংশ নেয় না। একদিকে, সাম্প্রতিক Annual Status of Education (ASER) এর প্রতিবেদন অনুসারে, ১৪ বছর বয়সে বেশিরভাগ গ্রামীণ যুবতী স্কুলে ভর্তি হয়েছিলেন। অন্যদিকে, ক্রমবর্ধমান সংখ্যক মহিলা ডিগ্রিধারী, কিন্তু এখনও তাদের কোনও চাকরি নেই। এ থেকে বোঝা যায় যে সাক্ষরতা চাকরী

ক্ষেত্রে পরিবর্তিত হচ্ছে না, দক্ষতায় থাকা স্বত্তেও সেখানে সামাজিক, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক বাধা রয়েছে। মহিলাদের ক্ষমতায়ন, যা অনেকটা ক্ষেত্রে দক্ষ ও উন্নত কর্মসূচির দ্বারা জীবনকে সমৃদ্ধ ও সংহত করার মাধ্যমে তাদের পরিবার এবং সম্প্রদায়ের সাথে পশ্চাৎপদ মানসিকতা পরিবর্তনের জন্য উন্নত মাধ্যম হিসেবে দৃষ্টান্ত স্থাপন করতে পারে। - যা মহিলাদের তাদের সাফল্যের সম্ভাব্যতায় পৌঁছাতে সহায়তা করার গুরুত্বপূর্ণ দিক। UN Women সম্প্রতি প্রকাশিত প্রতিবেদন অনুসারে, কোভিড-১৯ মহামারীটি সম্ভবত ৯৬ মিলিয়ন মানুষকে চরম দারিদ্র্যের দিকে ঠেলে দিয়েছে, যার মধ্যে ৪৭ মিলিয়ন নারী ও মেয়ে।

যুবতী মহিলাদের আনুষ্ঠানিক শিক্ষা এবং প্রশিক্ষণ কর্মসূচিতর মাধ্যমে উৎকৃষ্ট কর্মীশক্তির আধিকারী করে সমাজে নিয়ে এসে এক পরিবর্তন আনার জন্য উদ্ভাবনী চিন্তাভাবনা এবং সামাজিক পুনর্গঠন করা দরকার। শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধি ভারতের জিডিপিকে ২৭ শতাংশ (WEF) বাড়িয়ে তুলেছে। ভারতের অর্থনীতি বৃদ্ধি পাচ্ছে, ক্রমবর্ধমান জিডিপি এবং শ্রম-বয়সের জনসংখ্যা ২০৫০ সালের মধ্যে ৮০০ মিলিয়নেরও বেশি হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে। এই প্রবৃদ্ধি সত্বেও, ১৫ বা তার বেশি বয়সের এক চতুর্থাংশেরও কম (২০.৩%) মহিলারা ২০২০ পর্যন্ত শ্রম বাহিনীতে অংশ নেয় (পুরুষদের ৭৬.০% এর তুলনায়)। প্রযুক্তির ব্যবহার, ইনকিউবেশন স্পেসের প্রচার, তহবিলের সুযোগ এবং ব্যয়বহুল কেন্দ্র স্থাপনের ফলে চলমান চতুর্থ শিল্প বিপ্লবে অংশ নেওয়ার ক্ষেত্রে নারীদের সামনে আনতে হবে। যাইহোক দেখা যাচ্ছে, মাত্র ৩৫ শতাংশ ভারতীয় মহিলা সক্রিয় ইন্টারনেট ব্যবহারকারী। এটি বিবেচনায় নেওয়া উচিত যে আজ স্কিলিং প্রোগ্রামগুলিতে ব্যবহারে সক্ষম করতে হবে এবং ডিজিটাল প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা উচিত। ডিজিটাল প্রশিক্ষণের মাধ্যমে নারীরা কর্মক্ষেত্রে সাবলীল হয়ে ওঠার লক্ষ্য অর্জন করতে সক্ষম হবে।

The World Bank ভবিষ্যদ্বাণী করেছে যে গৃহস্থালিকার কাজে নিযুক্ত সমস্ত মহিলারা যদি কাজ করতে ইচ্ছুক থাকেন তবে মহিলা শ্রমশক্তির অংশগ্রহণের হার ভারতে প্রায় ২০ শতাংশ বৃদ্ধি পাবে। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে যে, যেখানে সামগ্রিক কর্মজীবনের স্নাতকদের অনুপাত সংখ্যা প্রায় দ্বিগুণ হয়েছে সেখানে শহরে ভারতের শিক্ষিত মহিলাদের মধ্যে শ্রমশক্তির অংশগ্রহণের হারের হ্রাস ঘটছে। এর জন্য শিক্ষিত মহিলাদের উপযুক্ত ক্ষেত্রে যেমন স্বেচ্ছাসেবী পরিষেবাগুলির সীমিত অংশগ্রহণের ঘটনা জড়িত।

আজ স্বাধীনতার সাত দশক পরেও প্রকৃত পরিকল্পনার মাধ্যমে নারী শিক্ষা এবং শিক্ষিতা দের দ্বারা সমাজের সঠিক উন্নতির কোন সদিচ্ছা দেখাতে পারেনি আমাদের কর্তৃপক্ষ। এ যেন সমুদ্রের ঢেউ গোনার কাজ, যার কোন শেষ নেই, আর গোনা বন্ধ করলে সেখানে কোন কাজ নেই। এহেন লোকদেখানো নীতি বেশিদিন চললে, যে হারে নারী শিক্ষার হার বৃদ্ধি হচ্ছিল কয়েক বছর ঠিক সেই ভাবেই নারী শিক্ষা থেকে সরে যেতে থাকবে সমাজের অনেকটা অংশ। আজ সমাজের কর্মক্ষেত্রের কথা তো ছেড়েই দিলাম, তাহলে কি ভাষায় বলবো নারীদের কর্মক্ষেত্রের উন্নতি বা সুযোগ সংরক্ষণ বৃদ্ধির কথা! যেটার উপর ভিত্তি করে সমাজের প্রতিটি নারী কর্মসংস্থানে বেরোবে, সমাজকে এগিয়ে নিয়ে যাবে! যদি সত্যিই নারী উন্নয়নের কাজ করতে হয় হোক প্রতিটি শিক্ষার প্রান্তে কর্মসংস্থান, হোক শিক্ষা স্তর ভিত্তিক কর্মসংস্থান, হোক প্রতিটি নারীর সুরক্ষা, হোক প্রতিটি নারীর উন্নত স্বাস্থ্যপরিসেবা। নাটকীয় নয়, হোক সবটাই বাস্তবিক।

*******************



Suparna Sardar
Education honours
2nd semester

নাম - স্বাগতা দাস

এডুকেশন অনার্স

ষষ্ঠ সেমিষ্টার

বাসন্তী দেবী কলেজ

# আধুনিক সমাজ ও নারীশিক্ষা

বর্তমানে একবিংশ শতাব্দীতে ভারতীয় সমাজে নারী শিক্ষার যে অগ্রগতি আমাদের নজরে পড়ে তা নিঃসন্দেহে প্রসংশনীয়। একসময়ে সতীদাহপ্রথা, বাল্যবিবাহ র মতো ঘটে যাওয়া এই সমাজ এখন মেয়েদের শিক্ষার ব্যাপারে যথেষ্ট অগ্রগামী। দেশের স্বাধীনতার পর ১৯৭৩ সালে মাত্র ৩৭ জন শিক্ষার্থী দিয়ে রাজধানীর সবুজবাগে যাত্রা শুরু করে কদমতলা পূর্ব বাসাবো স্কুল অ্যান্ড কলেজ। তখন বিদ্যালয়টিতে ছাত্রী সংখ্যা ছিল ১৭ জন। আশির দশকে এই স্কুলের ছাত্রী সংখ্যা প্রায় ৩০০ জনে উন্নীত হয়। ছাত্রী সংখ্যা দাঁড়ায় প্রায় এক তৃতীয়াংশে। ভারতীয় নারীশিক্ষার ইতিহাসে নারীদের শিক্ষার পথ চলা শুরু হয় এইভাবে এবং বর্তমানে অর্থাৎ ১৯৭০-৭১ এর প্রতিবেদন অনুসারে তখন দেশের মোট শিক্ষার্থীর ২৮ শতাংশের কিছু বেশি ছিল ছাত্রী। ২০১৯ সালের সরকারী প্রতিবেদন অনুযায়ী প্রাথমিক শিক্ষায় মোট শিক্ষার্থীর মধ্যে ছাত্রীর হার প্রায় ৫১ শতাংশে উন্নীত হয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ও প্রায় অর্ধেক শিক্ষার্থী ছাত্রী।

সরকারী প্রতিবেদন, শিক্ষক, সরকারী সুযোগ সুবিধা, শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি, অভিভাবকদের সচেতনতা এবং শিক্ষার মর্যাদা উপলব্ধি থেকে শিক্ষায় মেয়েদের অংশগ্রহনের হার দিন দিন বাড়ছে।

দরিদ্র পরিবারের মেয়েদের স্কুলে ভর্তি নিশ্চিত করা, শ্রেণিকক্ষে উপস্থিতি বাড়ানো ও ঝরে পড়া ঠেকাতে সরকার খাদ্য ও ভাতা কর্মসূচি হাতে নেয়। ১৯৯৯ সালে পৌর এলাকা বাদে অবশিষ্ট ৭৩ শতাংশ এলাকার জন্য প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে ছাত্রীদের ২৫ টাকা হারে উপবৃত্তি দেওয়া শুরু হয়। এখন প্রাক প্রাথমিকের শিক্ষার্থীদের জন্য মাসে ১০০ টাকা ও প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত মাসে ১৫০ টাকা হারে উপবৃত্তি দেওয়া হয়। যেসব প্রাথমিক বিদ্যালয় অষ্টম শ্রেণী পর্যন্ত খোলা হয়েছে সেসব স্কুলের ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের মাসে ২০০ টাকা করে উপবৃত্তি দেওয়া হয়। এছাড়াও মাধ্যমিক ও স্নাতক স্তরের শিক্ষার্থীদের জন্য ও উপবৃত্তির প্রকল্প চালু আছে।

এইভাবেই মেয়েদের শিক্ষার জন্য রাজ্য ও কেন্দ্র সরকার বিভিন্নভাবে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। যেমন- আমাদের রাজ্যে 'কন্যাশ্রী' প্রকল্প বর্তমানে সাড়া বিশ্বে সাড়া ফেলেছে। মেয়েদের উচ্চশিক্ষার পথে অর্থ যাতে বাধা না হয়ে দাঁড়ায় সেজন্য রাজ্য সরকার অর্থ ঋণের

ব্যবস্থা করেছে। সমাজে মেয়েরা আজ এইসব নানা সহায়তায় শিক্ষার পাশাপাশি কর্মক্ষেত্রে ও উল্লেখযোগ্য সাড়া ফেলেছে। মেয়েরা আজ আত্মনির্ভরশীল হতে পেরেছে। রাজা রামমোহন রায়, স্বামী বিবেকানন্দ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এই ভারতের মাটিতে দাঁড়িয়ে যে লড়াই একদিন শুরু করেছিলেন তা সর্বাঙ্গীণ ভাবে স্বার্থক হয়েছে একথা নিঃসন্দেহে বলা যায়।

********************************



Sabitri Dehuri
Education Honours
6th Semester

**Aditi Dey( Ex- Student)**
**Department of Education**
**Basanti Devi College**
**Year of Passout- 2012**

# WOMEN EDUCATION IN INDIA

"TEACHING YOUNG LADIES CAN GIVE NUMEROUS NOTABLE PIONEERS TO THE NATION."

Empowerment can be viewed as means of creating a social environment in which one can make decisions and make choices either individually or collectively for social transformation.

Empowering women has become the focus of considerable discussion and attention all over the world. Today we enjoy the benefits of being citizens of a free nation, but we really need to think whether each of the citizens of our country is really free or enjoying freedom, in the true sense of the term. The inequalities between men and women and discrimination against women are an age-old issue all over the world.

Women's education is necessary for the growth of any country. Patriarchy is the root cause; many did not believe in educating women, preferably a female child was seen as a burden, and getting her married was only way. Savitrirao Phule and Jyotiba Phule were advocates for women's education and set up an institution for girls in 1848. Female literacy rate has improved from 8.9% in 1951 to 65.5% in 2011, but still, it is below the world average 79.7%.

Women education in Bengal and India lagged significantly behind the great strides taking place like the Bengali Renaissance and the opening of the universities of Calcutta, Bombay, and Madras. However, for women, the mainstream Hindu society was mired in prejudices and superstitions. For girls to be married off by the age twelve or thirteen, receiving an education was often considered an anathema, sometimes even a sin. But by the middle of the nineteenth century, liberal Indian minds (obviously men) imbued with western thoughts and values started feeling the serious deficiency. Some of these men, among the British administrators, also felt the need to spread women's education.

Indian society seems to have always been riddled with bewildering contrasts: the opulence and development of Mumbai and Bangalore with poverty in rural India; the high philosophy of the Vedanta with the pervasive idolatry, superstitions, and rampant caste prejudices; the widespread Islamophobia with our past two Muslim Presidents. The history of women's education is another example. Most of our grandmothers in the early parts of the twentieth century were married off by the age of twelve or thirteen, putting an end to their formal education. In sharp contrast, many of our grandfathers were college educated – some were lawyers or doctors. Yet, a generation before that, in 1882, Chandramukhi Basu and Kadambini Ganguly, passed the examination of the bachelor's degree in arts from University of Calcutta in India. Their formal degrees were handed during the convocation of the University in 1883. They were the first two graduates of the entire British Empire, which includes the United Kingdom. (Some interesting facts on this issue are

presented in the Appendix at the end of the article.) The first woman graduate from Bombay University was Cornelia Sorabjee in 1888.
Women's education is essential in urban and rural areas. The education of women will help to remove the social stigma that surrounds it. It is the key to eliminating social evils such as female infanticide, dowry, child marriage, harassment, etc. This will not just help the women of today but of the future generations who can live in a world where gender equality exists. A better social status and gaining the respect of their families and peers is another reason why they must be educated. Through education, they become aware of their rights. They can contribute to the household financially and have a higher standard of living.
Educating women makes them aware on taking care of their health and hygiene. Women can add to the workforce, and this contribution will reflect on the country's economy. Empowering women helps in the development of the nation.
The government, over the years, has introduced many schemes to promote women's education in India. Some of the programs are:
1. Beti Bachao Beti Padhao Yojana
2. Sarva Shiksha Abhiyan
3. Rashtriya Mahila Kosh
4. Mahila Shakti Kendra
However, times are changing, and today the demand for education is higher. Women's Education in India is essential to remove the social evils that prevent them from getting an education. Through education, they can learn about how to take care of their health and hygiene. They can start working and earn money, which will improve their standard of living. Education also contributes to the growth and development of India. Education for women in cities and villages is essential. International Literacy Day is commemorated all over the world, including India, on September 8th.

***************************

**Name- Rima Mondal**

**Education Honours**

**2nd semester**

# নারী প্রতিদ্বন্দ্বী নয় পরিপূরক

"স্বর্ণ-রৌপ্য অলঙ্কারের যক্ষপুরীতে নারী করিল তোমায় বন্দিনী বল কোন সে অত্যাচারী "?

খবরের কাগজ খুললেই দেখতে পাওয়া যায় নারী নির্যাতনের নিষ্ঠুর রোমহর্ষক কাহিনী।অধিকার প্রতিষ্ঠায় প্রতিটি নারীকে হতে হবে অগ্রণী। সংগ্রাম না করলে কারোর হাতে কেউ অধিকার তুলে দেয় না এই সংগ্রামের অন্যতম অস্ত্র শিক্ষা তাই সমাজ নারী জাগরণের পটভূমি তৈরি করতে প্রয়োজন ব্যাপক নারী শিক্ষা।

একটি পরিবারে একটি পুরুষকে শিক্ষিত হলে শুধুমাত্র সেই পুরুষটির শিক্ষিত হবে।একজন নারীকে শিক্ষিত করা যায় তাহলে সেই সেই পরিবারের সঙ্গে সঙ্গে সমস্ত সমাজকেও শিক্ষিত করে তুলবে।

আজকের দিনে কারো পক্ষে বলা সম্ভব নয় যে আমরা আর নারীরা পুরুষদের থেকে পিছিয়ে আছি।সব ক্ষেত্রে পুরুষদের টক্কর দেবার সময় ক্ষমতা রাখি।তাই সমগ্র নারীজাতিকে আমি জানতে চাই যে নিজেকে কখনো দুর্বল ভেবো না,কারণ তুমি নারী শক্তির অংশ, তুমি পরম মমতাময়ী,তুমি শক্তির আধার ও দশোভূজা।

নারীবাদী হওয়া মানে মেয়েদের শক্তিশালী করার নয়,এমনিতেই শক্তিশালী তারা।মেয়েরা যখন শক্তিরুপা হয়ে ওঠে তখন পৃথিবীতে অনেক বড় পরিবর্তন আসে।নারী আজ স্বয়ংসিদ্ধা।কারো উপরে নির্ভরশীল নয় তারা।তাদের উপরে দাঁড়িয়ে আছে পরিবার।কখনো তাদের ওপরই নির্ভর করছে কোন দেশের ভাগ্য।

বিশ্বে যা-কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর।

অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর।

বিশ্ব যা কিছু এল পাপ-তাপ বেদনা অশ্রুবারি,

তার আনিয়াছে নর,অর্ধেক তার নারী।

যত কথা হইল কবিতা,শব্দ হইলো গান।

নর দিল ক্ষুধা,নারী দিল সুধা..

প্রত্যেকটি মানুষের সফলতার পেছনে রয়েছে একজন নারীর আত্মত্যাগের কাহিনী।যারা সব সময় থেকে যান পর্দার পেছনেই।তাই নারীর প্রতি সহানুভূতি নয় সম্মান প্রদর্শন করুন।যে নারী জাতিকে সম্মান করতে পারে না সে জাতির উন্নতি সম্ভব নয়।

শুধু আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে একদিন নয়,বছরের 365 দিনই নারীর প্রতি সম্মান প্রদর্শন করুন।

নারী না থাকলে রাখি হতো না;

নারী না থাকলে ভাইফোঁটা হত না;

নারী না থাকলে পৃথিবী এত সুন্দর হতো না;

নারী না থাকলে আমাদের জন্মই হতো না;

~তোমরা না থাকলে সৃষ্টি সম্ভব হত না।।

**Name- Prativa Mallik**

**Department- Education Honours**

**Semester- 4th**

**Basanti Devi college**

# ভারতে নারী শিক্ষার বিকাশ

নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার হে বিধাতা,

নতুন করি মাথা পথ প্রান্তে কেন রব জাগি

ক্লান্ত ধৈর্য প্রত্যাশা পূরনের লাগি দৈবাগত দিনে

শুধু শূন্যে চেয়ে রব।

...... রবীন্দ্রনাথ ঠাকুর

রবীন্দ্রনাথের এই কথা থেকেই বলতেই পারি নারীকে নিজের ভাগ্য জয় করতে সবসময় কঠিন পরিস্থিতির সম্মুখীন হতে হয়েছে। একটি পরিবারের স্বাস্থ্য, পুষ্টি এবং অর্থনৈতিক অবস্থার উন্নতির সর্বোত্তম উপায় হল মহিলাদের শিক্ষার ব্যবস্থা করা। নারীরা বিশ্বের জনসংখ্যার প্রায় অর্ধেক অংশ।নারী শিক্ষার অভাব একটি দেশের অর্থনৈতিক উন্নতির পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করতে পারে। ভারতে মহিলা পুরুষদের তুলনায় অনেক কম পরিমাণে শিক্ষা গ্রহণ করত।

প্রাচীনকালে যদিও বৈদিক যুগে ভারতে মহিলাদের শিক্ষার সুযোগ ছিল। এই যুগে নারীরা যজ্ঞে বসতেন। এই যুগে উল্লেখযোগ্য নারীরা হলেন অপলা,লোপামুদ্রা, মৈত্রী, গার্গী প্রমুখ। মহাভারতে দ্রৌপদীকে 'পান্ডিতা' বলা হয়েছে। এই যুগে নারীকে বলা হত পুরুষের অর্ধাঙ্গিনী ও সহমর্মী।"মনুরযুগ" শুরু হওয়ার আগে পর্যন্ত নারী শিক্ষার এই ঐতিহ্য বজায় ছিল। মনুর "সংহিতা" ছিল স্ত্রী শিক্ষা বিরোধী। মনুর সংহিতায় বলা হয়েছে স্ত্রী লোকরা সন্তানাদি প্রসব ও পালন করে বলে তারা ভাগ্যবতী। তারা গৃহের দীপ্তি বা প্রকাশ স্বরূপ। তিনি এও বলেন বাড়িতে স্ত্রী আর শ্রী এর মধ্যে কোন পার্থক্য নেই, স্ত্রী, পুরুষ একে অপরের পরিপূরক নয়। মুসলিম যুগেও নারী শিক্ষার ব্যবস্থা ছিল। নারী ছড়া পুরুষ অসম্পূর্ণ একথা ইসলাম ধর্মেও বলা হয়েছে।

ব্রিটিশ আমলে অর্থাৎ স্বাধীনতার পূর্ববর্তী ভারতে মহিলাদের শিক্ষার প্রতি আগ্রহের পুনরুজ্জীবন ঘটেছিল। স্বাধীনতার পূর্ববর্তী সময়ে ১৮১৮ খ্রীস্টাব্দে 'রেভারেন্ড মে' চুচুড়ায় মেয়েদের জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এরপর ' কমারি কুক' ১৮২৪ সালে ২৮ টি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন।১৮২১ সালে চার্চ মিশনারি সোসাইটি মাদ্রাজে প্রথম মেয়েদের জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। ১৮২৪ সালে বোম্বাইতে মেয়েদের জন্য প্রথম বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। 'ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর'

জন ইলিয়ট ড্রিঙ্কওয়াটার বেথুনকে ভারতে প্রথম স্থায়ী বালিকা প্রতিষ্ঠা করতে সমর্থন করছিলেন। ১৮৪৯সালে ৭ই মে তিনি বাংলায় মোট ৩৫টি মহিলা বিদ্যালয় চালু করছিলেন। এরজন্য তিনি তহবিলও চালু করছিলেন। 'রাজা রামমোহন রায়' ১৮২৯ সালে লর্ড বেন্টিংকের সহায়তায় সতীদাহ প্রথা রোধ করেন।

স্বাধীনতার পরে, মহিলাদের আভ্যন্তরীন রীতি নীতি থেকে মুক্তি দেওয়া হয়। ড: রাধাকৃষ্ণনের নেতৃত্বে ১৯৪৮ সালে গঠিত হয়েছিল বিশবিদ্যালয় শিক্ষা কমিশন। এখানে মহিলাদের জন্য শিক্ষার কথা বলা হয়েছে। কোঠারি কমিশনের (১৯৬৪-৬৬) শুরুতেই বলা হয়েছে-"The destiny of India is being shaped in her classroom " এই কমিশনটিও মহিলাদের জন্য শিক্ষার কথা প্রস্তাবিত করেছেন। মাধ্যমিক শিক্ষা কমিশন (১৯৫২-৫৩) বা মুদালিয়ার কমিশন নারী শিক্ষার কথা বলেছ। আমাদের সংবিধানের ৪৫নং অনুচ্ছেদে একটি নির্দিষ্ট মেয়াদে সকলের জন্য শিক্ষার কথা বলা হয়েছিল। ১৯৭১ সালে মাত্র ২২%জন ভারতীয় মহিলা শিক্ষা অর্জন করে যা পুরুষদের তুলনায় অত্যন্ত কম। ২০০১ সাল তা হয় দাঁড়ায় ৫৪•১৬%। এই শতাংশ বাড়তে বাড়তে হয় দাঁড়ায় ২০১৪ সালে তা হয় ৮০•৩%, এবং এই শতাংশটা ২০১৭-১৮ সালে তা ৪১•৫ % হয় দাঁড়ায়।

নারী আমি নইকো অবলা ,

তোমরা বানিয়েছ অবলা মোরে।

করেছ গৃহ বন্ধী,

কেড়েছো স্বপ্ন পূরনের অধিকার।

করেছি নিজের সনে সন্ধি,

করবো স্বপ্ন পূরণ, করবো বিশ্বে জয়।

***************************

**Moumita Gayen (ex-student)**

**Department of Education**

**Basanti Devi College**

**Year of passout- 2017**

# EFFECTS OF KANYASHREE PRAKALPA ON GIRL STUDENTS IN WEST BENGAL

The main aim of democratic state is to look after the well being of the society as well as to remove gender indiscrimination and economic disparity among its people. The West Bengal government has added a new dimension to women education and empowerment by introducing Kanyashree Prakalpa. Every year 14th August is celebrated as "kanyashree Day". It also aims at preventing child marriage at an early age. The aforesaid prakalpa was launched on 1st October, 2013 under the inspiration of Smt. Mamata Banerjee, the chief minister of West Bengal.As per prohibition of child marriage act 2006, the boys' legal age of marriage is 21 and the girls'is 18. But the girl child is destined to be married at an early age in a patriarchal society like ours. Being the victim of gender discrimination, the girl child is more vulnerable to mental and physical torture than the male one. It is observed that the girl child is deprived of her right to education and even falls victim of sex abuse due to marriage at early age. Not only that but she has also to face premature pregnancy which exercises immense negative impact on their physical and mental well-being. As a result they become victim of malnutrition which adversely affects the next generation. Child marriage not only causes women trafficking but also poses hindrance to the woman empowerment and social development. The West Bengal government has launched Kanyashree Prakalpa with a view to bringing more girl children to the periphery of education and making them self reliant.

10-18 years being adolescent period, everyone starts building up his/her own life and career during that period. Keeping in mind the empowerment of adolescent girl child the West Bengal government revolutionized the women education so that the girl child might be encouraged to do her higher studies. The Department of Women Development and Social Welfare, Government of West Bengal has declared that every girl child upto 18 years is entitled to get 500 rupees per annum under K1 Prakalpa, in case she continues her studies. In the meantime that amount has been increased to Rs. 750 . The unmarried female students aged 18-

19 years will come under the jurisdiction of K2 Prakalpa and accordingly they are entitled to get Rs. 25000 at a time. The chief minister has also declared that the female students who are willing to avail post graduation will also come under K3 Prakalpa.

Education is a luxury item to most of the people living below poverty line in our country where the people can hardly fulfill their basic needs like food and clothing. In view of the above Kanyashree Prakalpa will surely help a lot in spreading education and empowering female students.But it is sadly enough that the condition of girl children living in rural and slum areas remains as same as before due to non-cooperation from the end of their parents. As a result the girl child is either forced to get married at an early age or to elope with someone on her own choice. Intensive campaign and awareness programme should be launched to overcome difficulties in this regard.

Kanyashree Prakalpa was showered with national and international acclaim from within and without the country. Kanyashree Prakalpa got Manthan award in 2014 for women empowerment in South Asia and Asia Pacific. It also won 1st place in United Nations Public Service Award, United Nations WSIS prize 2016, Stock award and order of merit 2015 for smart governance.

The government of West Bengal launched many beneficiary Prakalpas for the welfare of common people. Of them Kanyashree Prakalpa is the most favourite/prominent aiming at alleviating child marriage and suffering of the girl students at the hand of their in-laws. Now kanyashree becomes Biswashree. Really we are proud of this prakalpa.

************************

**Sharmistha Bhattacharjee**
**Department of Education**
**Basanti Devi College**
**Year of Passout- 2011**

# নারী শিক্ষা ও নারী মুক্তি

বর্তমান সমাজে নারী শিক্ষার বিষয়টি আমাদের সামাজিক অগ্রগতি,দেশ এবং জাতির উন্নয়নের এক অপরিহার্য বিষয় হিসেবে পরিগণিত হয়েছে। আধুনিক সমাজে নারী পুরুষ নির্বিশেষে সকলের সমান অধিকার উল্লিখিত হয়েছে। প্রাচীন সভ্যতার ইতিহাসের পাতা থেকে আমরা দেখেছি নারী চিরকালই অজ্ঞানতার অন্ধকারে পর্যবশিত ছিল। তাই আজ সেই অন্ধকার থেকে মুক্তি লাভ করে আলোর দিশা এগিয়ে চলেছে। শিক্ষায় নারীকে তার অধিকার, মর্যাদা, আত্মসম্মান, নিরাপত্তা সম্পর্কে সচেতন করে তুলেছে।

এককালে সমাজে নারীর স্থান ছিল উচ্চে। তাই প্রাচীন হিন্দু বৌদ্ধ সাহিত্যের গার্গী, মৈত্রী, অপালা ইত্যাদি মহীয়সী নারী উল্লেখ রয়েছে। কিন্তু পরবর্তীকালে সমাজে পুরুষের প্রাধান্য প্রতিষ্ঠিত হলে নারী হয়ে পড়েছিল অন্তঃপুরবাসী। তার ওপর প্রতিনিয়ত চাপিয়ে দেওয়া হয়েছিল পুরুষতান্ত্রিক সমাজের দায়ভার। নারীর অন্ধকার দশা থেকে মুক্তির জন্য তৎকালীন সমাজে রামমোহন, বিদ্যাসাগরের মতো প্রমূখ দেশব্রতী বাঙালির আবির্ভাব ঘটেছিল।তৎকালীন ধর্মীয় কুসংস্কার ও সামাজিক প্রথার বিরুদ্ধে তারা আঘাত এনেছিল। পরবর্তীকালে বেগম রোকেয়া মুসলিম সমাজে নারীদের শিক্ষার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন। ইংরেজি আমলেও নারী শিক্ষার অনেকটা বিকাশ ঘটেছিল।

সামাজিক কুসংস্কার ধর্মীয় বাধা ছিন্ন করে নারী সমাজে শিক্ষার আলোতে যাতে উদ্ভাসিত হতে পারে সে লক্ষ্যে পৌঁছানোর জন্য বিভিন্ন শিক্ষা পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। শিক্ষাক্ষেত্রেও নারী শিক্ষার জন্য সরকারি সাহায্য লক্ষ্য করা যায়।বর্তমান সমাজ উপলব্ধি করেছিল যে সন্তানকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য মায়ের শিক্ষিত হওয়া অত্যন্ত জরুরী। নারী শিক্ষায় নারী মুক্তির পথকে সূচিত করে। আজ নারী পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে বাইরের জগতে অংশগ্রহণ করছে। বর্তমানে শিক্ষা ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ তুলনামূলকভাবে অনেক বৃদ্ধি পেয়েছে। দেশের উন্নতি বিশ্বসমাজের অগ্রগতির নির্ভর করছে নারী জাতির ওপর। নারী অন্ধ সমস্ত প্রতিবন্ধকতাকে কাটিয়ে মুক্ত প্রকৃতির কোলে গেয়ে উঠেছে–

"এই আকাশে আমার মুক্তি আলোয় আলোয়।"




Taniya Biswas ( Ex- Student)
Dept of Education
year of passout - 2019